রেজিস্টার্ড নং ডি এ-১ ২০২৩ সনের ৩৩ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, আগস্ট ১৭, ২০২৩

## সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৫১৩—৫৩১ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীম কোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলি ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৯৫৯—৯৭৭ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীম কোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধঃস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৮৫৩—৮৭৯ |
| ৭ম খণ্ড—অন্য কোনো খণ্ডে অপ্রকাশিত অধঃস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ২৯—৩০ |
| ক্রোড়পত্র—সংখ্যা | নাই |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারি। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ........................... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

### গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**অর্থ মন্ত্রণালয়**
**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**প্রকল্প ব্যবস্থাপনা শাখা-১**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২২ জ্যৈষ্ঠ ১৪৩০/০৫ জুন ২০২৩

**নং ৫৩.০০.০০০০.৪৩১.৯৯.০০৯.২৩-২৬০**—পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত আর্থিক প্রতিষ্ঠান বিভাগ এর যুগ্মসচিব জনাব বদরে মুনির ফেরদৌস (পরিচিতি নং-৫৭৪৫)-কে বাংলাদেশ মিউনিসিপল ডেভেলপমেন্ট ফান্ড (বিএমডিএফ)-এর পরিচালনা পর্ষদে পরিচালক হিসেবে নির্দেশক্রমে মনোনয়ন প্রদান করা হলো।

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুহাম্মদ আমিন শরীফ**
সিনিয়র সহকারী সচিব।

**জাতীয় রাজস্ব বোর্ড**
**[কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা]**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ২২ জ্যৈষ্ঠ, ১৪৩০ বঙ্গাব্দ/০৫ জুন, ২০২৩ খ্রিঃ

**নং ২১/২০২৩/কাস্টমস/২৪৬**—The Customs Act, 1969 (Act-IV of 1969) এর Section-13 (2) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড বেনাপোল স্থলবন্দরস্থ মেসার্স এম্পোরিয়াম ডিউটি ফ্রি (বন্ড লাইসেন্স নং-০২, তারিখ : ১৫-১০-২০১২ খ্রিঃ) নামীয় শুল্কমুক্ত বিপণীর অনুকূলে ২০২২-২০২৩ অর্থবছরের জন্য নিম্নরূপ বার্ষিক আমদানি প্রাপ্যতা প্রদান করিল, যথা:

| ক্রঃ নং | বিবরণ | ২০২২-২০২৩ অর্থবছরের জন্য বার্ষিক আমদানি প্রাপ্যতা (মাঃ ডঃ) |
|---|---|---|
| ১ | সিগারেট (মিনি কার্টুন) | ৭৫,০০০.০০ |
| ২ | মদ/লিকার (লিটার) | ৩৮,০০০.০০ |
| ৩ | কসমেটিক্স ও টয়লেট্রিজ (পিস) | ৪,০০০.০০ |
| ৪ | খাদ্য সামগ্রী (পিস) | ৩,০০০.০০ |

মোট = ১,২০,০০০.০০ (কথায় : এক লক্ষ বিশ হাজার মাঃ ডঃ)

মোঃ তাজিম-উর-রহমান (উপসচিব) উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
ব্রেনজন চাম্বুগং, উপপরিচালক (উপসচিব) (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd

তারিখ : ১৫ জ্যৈষ্ঠ, ১৪৩০ বঙ্গাব্দ/২৯ মে, ২০২৩ খ্রিষ্টাব্দ

নং ১৯/২০২২/কাস্টমস/২৩৩—The Customs Act, 1969 (Act-IV of 1969) এর Section-13 (2) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক হযরত শাহ জালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকায় অবস্থিত মেসার্স মাসুদ এন্টারপ্রাইজ (ডিউটি ফ্রি শপ), ঠিকানা : ১১১/৪, উত্তর মুগদাপাড়া, ঢাকা (বন্ড লাইসেন্স নং-১৮৮৯/কাস-এসবিডব্লিউ/২০১৮, তারিখ : ১৫-০৩-২০১৮) এর অনুকূলে ২০২২ ২০২৩ অর্থবছরের জন্য নিম্নরূপ বার্ষিক আমদানি প্রাপ্যতা প্রদান করিল, যথা :

| ক্রঃ নং | আমদানিকৃত পণ্য | বার্ষিক আমদানি প্রাপ্যতা (মার্কিন ডলার) |
|---|---|---|
| ১ | সিগারেট, সিগার ও টোব্যাকো | ৩০,০০০.০০ মাঃ ডাঃ |
| ২ | লিকার ও অন্যান্য ড্রিংকস | ৪০,০০০.০০ মাঃ ডাঃ |
| ৩ | কসমেটিক্স ও টয়লেট্রিজ সামগ্রী | ১০,০০০.০০ মাঃ ডাঃ |
| ৪ | কনফেকশনারী, ইলেক্ট্রনিক্স, গিফট আইটেম, জুয়েলারী ও নন অ্যালকোহলিক বেভারেজ | ১০,০০০.০০ মাঃ ডাঃ |
| | সর্বমোট = | ৯০,০০০.০০ মাঃ ডঃ (নব্বই হাজার মাঃ ডঃ) |

এক্ষেত্রে শর্ত থাকে যে, জাতীয় রাজস্ব বোর্ড এর পত্র নং ০৮.০১.০০০০.৫৬.০৪.০১৩.১৬/৩৯৫, তারিখ : ১৩-১০-২০২২ খ্রি. অনুযায়ী প্রতিষ্ঠান কর্তৃক ১ জুলাই, ২০২২ খ্রি. হতে ১৫ ডিসেম্বর, ২০২২ তারিখ পর্যন্ত আমদানিকৃত পরিমাণ (মাঃ ডলার) উপরোল্লিখিত প্রাপ্যতা হতে বিয়োজন করতে হবে।

তারিখ : ২৩ জ্যৈষ্ঠ, ১৪৩০ বঙ্গাব্দ/০৬ জুন, ২০২৩ খ্রিঃ।

নং ২২/২০২৩/কাস্টমস/২৫২—The Customs Act, 1969 (Act-IV of 1969) এর Section-13 (2) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক শাহ-আমানত আন্তর্জাতিক বিমান বন্দর, চট্টগ্রাম এ অবস্থিত মেসার্স এম্পোরিয়াম ডিউটি ফ্রি নামীয় প্রতিষ্ঠানের (বন্ড লাইসেন্স নং-৫ (১৩) কাবক/চট্টঃ/শুল্কমুক্ত বিপণী/লাইঃ/০৩/২০১৩ তারিখ-২১-০১-২০১৩ খ্রিঃ) এর অনুকূলে ২০২২-২০২৩ অর্থবছরের ২১-০১-২০২৩ খ্রিঃ হতে ৩০-০৬-২০২৩ খ্রিঃ মেয়াদের জন্য নিম্নরূপে বার্ষিক আমদানি প্রাপ্যতা প্রদান করিল, যথা :

| ক্রঃ নং | পণ্যের বিবরণ | ২০২২-২০২৩ অর্থবছরের (২১-০১-২০২৩ খ্রিঃ হতে ৩০-০৬-২০২৩ খ্রিঃ) জন্য বার্ষিক আমদানি প্রাপ্যতা (মাঃ ডঃ) |
|---|---|---|
| 01 | Cigarettes & Tobacco | ১০,০০০.০০ |
| 02 | Alcoholic Beverage (Liquor, Beer, Wine) | ৪০,০০০.০০ |
| 03 | Cosmetic and Toiletries | ৫,০০০.০০ |
| 04 | Beverage (Non Alcoholic), Confectionary , Electronics, Gift Item | ৫,০০০.০০ |
| | মোট = | ৬০,০০০.০০ (কথায় : ষাট হাজার মাঃ ডলার) |

**নাজমুন নাহার**
দ্বিতীয় সচিব (কাস্টমসঃ রপ্তানি ও বন্ড)।

**জনপ্রশাসন মন্ত্রণালয়**
**শৃঙ্খলা-৪ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০১ আষাঢ় ১৪৩০/১৫ জুন ২০২৩

নং ০৫.০০.০০০০.১৮৩.২৭.০০৫-১৫(বিমা)-১৭৫—যেহেতু, জনাব মোহাম্মদ আবদুল আউয়াল (পরিচিতি নং : ৬০১০), প্রাক্তন সচিব, জেলা পরিষদ, ময়মনসিংহ এবং বর্তমানে উপসচিব (সংযুক্ত), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ ও বিভাগীয় পরিচালক (পঃ প), ময়মনসিংহ বিভাগ-এর বিরুদ্ধে ময়মনসিংহ জেলা পরিষদের সচিবের দায়িত্ব পালনকালীন অফিসের কর্তকর্তা-কর্মচারীদের নানারকম অনিয়ম, দুর্ব্যবহার ও অসদাচরণ, জেলা পরিষদের মোটর ক্লিনার জনাব তারা মিয়াকে মৌখিকভাবে সরকারি বাসার নৈশ প্রহরীর দায়িত্ব প্রদান এবং বাসায় চুরি হওয়ায় জোরপূর্বক তারা মিয়ার নিকট হতে অলিখিতভাবে ১৩,০০০/- (তেরো হাজার) টাকা আদায়, বাসভবনে নৈশ প্রহরী হিসাবে জেলা পরিষদের অফিস সহায়ক (এম.এল.এস.এস) জনাব মোঃ আজিজুল হক-কে মৌখিকভাবে দায়িত্ব প্রদান, বাসায় চুরির মামলায় থানায় জি.ডি. এন্ট্রি করা এবং নৈশ প্রহরীর দায়িত্ব পালনকারী জনাব আজিজুল হক-কে গ্রেফতার করার জন্য বলা, অফিসের গোপনীয় তথ্য নানা কৌশলে বাইরে প্রচার ও প্রকাশ করা এবং নিজেকে পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা পরিচয়ে সকলকে ধমক দেয়া ইত্যাদি অভিযোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫-এর ২ (এফ) বিধিতে বর্ণিত এবং একই বিধিমালার ৩ (বি) বিধি অনুযায়ী 'অসদাচরণ' (Misconduct)-এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১১-০৬-২০১৫ তারিখের ০৫.০০.০০০০.১৮৩.২৭.০০৫.১৫-১৯৩ নম্বর স্মারকের মাধ্যমে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয় এবং অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে আনীত অভিযোগসমূহের ব্যাপারে লিখিত জবাব দাখিল করতে বলা হয়; এবং

০২। যেহেতু, তিনি ২৫-০৬-২০১৫ তারিখে আনীত অভিযোগের বিষয়ে জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানি চান এবং সে মোতাবেক ০৪-০৮-২০১৫ তারিখে ব্যক্তিগত শুনানি গ্রহণপূর্বক অভিযোগের বিষয়ে তদন্তের প্রয়োজনীয়তা রয়েছে মর্মে প্রতীয়মান হওয়ায় মোঃ মোকাব্বির হোসেন (পরিচিতি নম্বর : ৫৫৪৮), যুগ্মসচিব (প্রশাসন), জনপ্রশাসন মন্ত্রণালয়-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং যেহেতু, তদন্ত কর্মকর্তা গত ০৬-০৩-২০১৬ তারিখে দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে অভিযুক্ত কর্মকর্তা জনাব মোহাম্মদ আবদুল আউয়াল (পরিচিতি নম্বর : ৬০১০)-এর বিরুদ্ধে আনীত অন্যান্য অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত না হলেও চুরি যাওয়া মালামাল প্রতিস্থাপন বাবদ মোটর ক্লিনার জনাব তারা মিয়ার নিকট থেকে ১১,০০০/- (এগারো হাজার) টাকা জনাব আউয়ালের উপস্থিতিতে আদায়ের অভিযোগ সাক্ষ্য প্রমাণ দ্বারা সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন; এবং যেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫-এর বিধি ৩ (বি) অনুযায়ী জনাব মোহাম্মদ আবদুল আউয়াল-এর বিরুদ্ধে 'অসদাচরণ'-এর অভিযোগ প্রমাণিত হওয়ায় অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক সকল বিষয় বিবেচনায় একই বিধিমালার বিধি ৪ (২) (এ) অনুযায়ী তাকে 'তিরস্কার' সূচক লঘুদণ্ড প্রদান করা হয়; এবং

০৩। যেহেতু, তিনি উক্ত লঘুদণ্ডাদেশের বিরুদ্ধে মহামান্য রাষ্ট্রপতি সমীপে আপিল আবেদন করলে মহামান্য রাষ্ট্রপতি আপিল আবেদন না-মঞ্জুর করেন; এবং তিনি আরোপিত দণ্ডাদেশের বিরুদ্ধে

প্রশাসনিক ট্রাইব্যুনালে এ.টি. মামলা নং-৩৪৩/২০১৬ দায়ের করলে বিগত ১২-০৫-২০১৯ তারিখে উক্ত এ.টি. মামলায় আদেশ হয় যে, "অত্র মামলাটি দোতরফা সূত্রে বিনা খরচায় মঞ্জুর (Allowed) করা হল। বিগত ৩১-০৩-২০১৬ ইং তারিখের তর্কিত আদেশ এতদ্বারা রদ রহিত করা হল"; এবং

০৪। যেহেতু, পরবর্তীতে উক্ত রায়ের বিরুদ্ধে সরকার পক্ষ বিজ্ঞ প্রশাসনিক আপীল ট্রাইব্যুনালে এ.এ.টি-২৪৩/২০১৯ নং আপিল দায়ের করলে বিজ্ঞ আপীল ট্রাইব্যুনাল উভয় পক্ষের শুনানি শেষে গত ১৬-১১-২০২২ তারিখে আপিলটি সরকার পক্ষের বিরুদ্ধে বিনা খরচায় না-মঞ্জুর করেন এবং বিজ্ঞ প্রশাসনিক ট্রাইব্যুনাল-১ ঢাকা কর্তৃক এটি-৩৪৩/২০১৬ মামলায় ইং ১২-০৫-২০১৯ তারিখে প্রদত্ত রায় ও আদেশ বহাল রাখেন; এবং

০৫। যেহেতু, উল্লিখিত এ.এ.টি মামলার রায়ের বিষয়ে আইন অনুবিভাগের মতামত চাওয়া হলে আইন অনুবিভাগ জানায় যে, জনাব মোহাম্মদ আবদুল আউয়াল (পরিচিতি নং-৬০১০) কর্তৃক প্রশাসনিক ট্রাইব্যুনাল-১, ঢাকায় দায়েরকৃত এ.টি নং-৩৪৩/২০১৬ মামলার রায়ের পরিপ্রেক্ষিতে সরকারপক্ষে প্রশাসনিক আপিল ট্রাইব্যুনালে দায়েরকৃত এ.এ.টি আপিল নং-২৪৩/২০১৯ মামলার রায়ের বিরুদ্ধে আপিল দায়ের না করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে;

০৬। সেহেতু, এ.এ.টি-২৪৩/২০১৯ নং মামলার রায় এবং আইন অনুবিভাগের মতামতের পরিপ্রেক্ষিতে, জনাব মোহাম্মদ আবদুল আউয়াল (পরিচিতি নম্বর : ৬০১০), প্রাক্তন সচিব, জেলা পরিষদ, ময়মনসিংহ এবং বর্তমানে উপসচিব (সংযুক্ত), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ ও বিভাগীয় পরিচালক (পঃ প), ময়মনসিংহ বিভাগ-কে "তিরস্কার" সূচক লঘুদণ্ডের দায় হতে অব্যাহতি দেয়া হলো।

০৭। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী**
সিনিয়র সচিব।

---

**ভূমি মন্ত্রণালয়**
**জরিপ শাখা-২**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ২৫ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ/০৮ জুন ২০২৩ খ্রিষ্টাব্দ

নং ৩১.০০.০০০০.০৪৯.৩৬.০৪৯.১৯.১৫৭—মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নম্বর-৭৪৬৬/২২ এর ২৭ জুলাই ২০২২ তারিখের রায়/আদেশের পরিপ্রেক্ষিতে ভূমি মন্ত্রণালয়ের ০৮ আগস্ট ২০২২ তারিখের ৩১.০০.০০০০.০৪৯.৩৬. ০৪৯. ১৯.২৪৭ সংখ্যক স্মারকমূলে লক্ষ্মীপুর জেলার রামগতি উপজেলার চর হাসান হোসেন মৌজার ১৯ জুলাই ২০২২ তারিখের ৩১.০০.০০০০.০৪৯.৩৬.০৪৯.১৯.২১৯ সংখ্যক স্মারকে প্রকাশিত গেজেটের কার্যকারিতা স্থগিত করা হয়।

০২। মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নম্বর-৮২১৪/১৭ ও ৭৪৬৬/২২ এর ১৪ ফেব্রুয়ারি ২০২৩ তারিখের রায়/আদেশের পরিপ্রেক্ষিতে উক্ত স্থগিতাদেশটি এতদ্বারা প্রত্যাহার করা হলো।

**মোছাম্মৎ মমতাজ বেগম**
উপসচিব।

---

**শিক্ষা মন্ত্রণালয়**
**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**
**বেসরকারি বিশ্ববিদ্যালয়-১**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৮ জ্যৈষ্ঠ ১৪৩০/১১ জুন ২০২৩

নং ৩৭.০০.০০০০.০৭৮.১১.০১২.১৩-১৯৯—মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর এঁর অনুমোদনক্রমে বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ এর ধারা ৩৩ (১) অনুযায়ী ড. মোঃ মুঞ্জুর-ই-খোদা তরফদার, প্রাক্তন ট্রেজারার, ফারইস্ট ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি- কে উক্ত ইউনিভার্সিটি এর ট্রেজারার পদে নিম্নোক্ত শর্তে নিয়োগ প্রদান করা হলো :

(ক) ট্রেজারার পদে তাঁর নিয়োগের মেয়াদ হবে যোগদানের তারিখ হতে ০৪ (চার) বছর। তবে মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর প্রয়োজনে যে কোনো সময় এই নিয়োগ আদেশ বাতিল করতে পারবেন;

(খ) তিনি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বেতনভাতা প্রাপ্য হবেন এবং পদ সংশ্লিষ্ট অন্যান্য সুবিধা ভোগ করবেন;

(গ) তিনি বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ অনুযায়ী দায়িত্ব পালন করবেন।

২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ ফরহাদ হোসেন**
উপসচিব।

---

**[একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত]**
**প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়**
**প্রশাসন-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ৯ জ্যৈষ্ঠ ১৪৩০/২৩ মে ২০২৩

নং ৩৮.০০.০০০০.০০১.১২.০০১.২২.৩৬৪—উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর উপপরিচালক পদে কর্মরত ০৩ (তিন) জন কর্মকর্তাকে নিম্নরূপভাবে গ্রেডেশন/ জ্যেষ্ঠতা তালিকায় অন্তর্ভুক্ত করা হলো :

| ক্রঃ নং | জ্যেষ্ঠতার ক্রমিক নং | নাম ও পদবি | চাকরিতে প্রথম যোগদানের (প্রকল্পে) তারিখ | রাজস্বখাতে উশিব্যু'তে যোগদানের তারিখ | উপপরিচালক পদে যোগদানের তারিখ |
|---|---|---|---|---|---|
| ১ | ০১ | মোহাম্মদ রুকুনুদ্দীন সরকার উপপরিচালক | ০৫-০৫-১৯৯৩ | ১১-০৯-২০০৫ | ০৩-০৩-২০১৫ |
| ২ | ০২ | মো: রিপন কবীর লস্কর উপপরিচালক | ০৮-০৫-১৯৯৩ | ১১-০৯-২০০৫ | ০৩-০৩-২০১৫ |
| ৩ | ০৩ | ড. মোছাঃ ফাহমিদা বেগম উপপরিচালক | ১৬-০৯-১৯৯৮ | ০১-০২-২০০৬ | ০৮-১১-২০২২ |

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

কারিগরি ও মাদ্রাসা বিভাগ
কারিগরি শাখা-১

প্রজ্ঞাপন

তারিখ : ০৩ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ/১৭ মে ২০২৩ খ্রিষ্টাব্দ

নং ৫৭.০০.০০০০.০৫১.২৭.০০৩.২২-১০১—যেহেতু, জনাব মোঃ সাইফুল ইসলাম, সংযুক্তিতে কর্মরত চিফ ইনস্ট্রাক্টর (টেক/মেকানিক্যাল), ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট (ভিটিটিআই), বগুড়া [মূলতঃ সহকারী অধ্যাপক, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, তেজগাঁও, ঢাকা], "উপজেলা পর্যায়ে ৩২৯ টি টেকনিক্যাল স্কুল ও কলেজ স্থাপন (২য় পর্যায়)" শীর্ষক প্রকল্পে সহকারী প্রকল্প পরিচালক হিসেবে [২৫-১১-২০২০ হতে ০৩-০৬-২০২১ খ্রি. তারিখ পর্যন্ত] কর্মকালীন বিধি বহির্ভূতভাবে ঠিকাদারী প্রতিষ্ঠান 'ট্রেড বাংলাদেশ'কে ০২ (দুই) টি স্টীলের আলমারী ও ০২ (দুই)টি ফাইল কেবিনেট সরবরাহ করার জন্য মৌখিকভাবে নির্দেশ প্রদান করেন। উক্ত বিষয়ে গঠিত তদন্ত কমিটি সরেজমিনে তদন্ত করে বর্ণিত মালামালসমূহ দাপ্তরিক ক্রয় প্রক্রিয়া সম্পন্ন করে গ্রহণ করা হয়েছে এ ধরনের কোন প্রমাণক খুঁজে পায়নি এবং প্রকল্পে কর্মরত ০৬ (ছয়) জন কর্মকর্তা-কর্মচারীর সাক্ষাৎকার গ্রহণ করে নিশ্চিত হয়েছে যে, তার মৌখিক নির্দেশে বর্ণিত মালামালসমূহ 'ট্রেড বাংলাদেশ' কর্তৃক প্রকল্প কার্যালয়ে সরবরাহ করা হয়েছে;

যেহেতু, 'ট্রেড বাংলাদেশ' এর স্বত্তাধিকারী জনাব হারুনর রশিদ লিখিত বক্তব্য উপস্থাপন করেছেন যে, "কোন দায়িত্বশীল কর্মকর্তার নির্দেশ ছাড়া কোন ঠিকাদার মালামাল সরবরাহ করতে পারে না। বর্ণিত মালামাল তার মৌখিক নির্দেশে সরবরাহ করা হয়েছে";

যেহেতু, তিনি উক্তরূপ কর্মকাণ্ডের মাধ্যমে Public Procurement Rules-2008 অনুসরণ না করে মৌখিকভাবে মালামাল সরবরাহ করতে বলেছেন বিধায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর উপবিধি (খ) ধারা অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগ আনয়নপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী তার বরাবর প্রেরণ করা হয়। সে পরিপ্রেক্ষিতে, তিনি লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির ইচ্ছা পোষণ করেন;

যেহেতু, তিনি ১০-০৪-২০২৩ খ্রি. তারিখে ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণ করেন এবং শুনানিতে গ্রহণকৃত বক্তব্য ও কাগজপত্রাদি পর্যালোচনায় তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়; এবং

যেহেতু, তার বিরুদ্ধে আনীত অভিযোগনামা ও অভিযোগ বিবরণী এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনান্তে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর উপবিধি (খ) ধারা অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাকে একই বিধিমালার বিধি ৪ এর উপবিধি ২ (ক) অনুযায়ী "তিরস্কার" লঘুদন্ড প্রদান করা সমীচীন হবে;

সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপবিধি ২(ক) অনুযায়ী ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট (ভিটিটিআই), বগুড়ার চিফ ইনস্ট্রাক্টর (টেক/মেকানিক্যাল) [মূলতঃ সহকারী অধ্যাপক (মেকানিক্যাল), টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, তেজগাঁও, ঢাকা] জনাব মোঃ সাইফুল ইসলাম-কে "তিরস্কার" লঘুদন্ড প্রদান করা হলো।

০২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ কামাল হোসেন**
সিনিয়র সচিব।

জননিরাপত্তা বিভাগ
**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**শৃঙ্খলা -২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২১ জ্যৈষ্ঠ ১৪৩০/4 জুন ২০২৩

নং ৪৪.০০.০০০০.০৫৮.২৭.০৬২.২২-২০২—যেহেতু, জনাব টি,এম, মোশাররফ হোসেন (বিপি-৭৮০৮১২১৫৭১), অতিরিক্ত পুলিশ সুপার, সাময়িক বরখাস্ত, রেঞ্জ ডিআইজি'র কার্যালয়, খুলনায় সংযুক্ত ও ইতঃপূর্বে অতিরিক্ত পুলিশ সুপার, নারায়ণগঞ্জ জেলা হিসেবে কর্মকালে হেফাজত ইসলাম বাংলাদেশ এর যুগ্মমহাসচিব মাওলানা মামনুল হক তার কথিত স্ত্রী জান্নাত আরা ঝর্নাসহ সোনারগাঁও থানাধীন রয়েল রিসোর্টে উঠায় এলাকায় বিশৃঙ্খলার সৃষ্টি হয়। মাওলানা মামুনুল হক তার কথিত স্ত্রী জান্নাত আরা ঝর্নাসহ গত ০৩-০৪-২০২১ তারিখ বেলা অনুমানিক ০৩.৩০ ঘটিকার সময় সোনারগাঁও থানাধীন রয়েল রিসোর্টে ৫০১ নং রুম ভাড়া নিয়ে উঠেন। রিসোর্টের কর্মচারী কর্তৃক স্থানীয় নেতাদের তথ্য দেয়ার প্রেক্ষিতে স্থানীয় ছাত্রলীগ/যুবলীগ নেতাকর্মী ও সাংবাদিকগণ মামুনুল হক ও তার কথিত স্ত্রীর অবস্থান করা ৫০১ নাম্বার রুমে প্রবেশ করে ফেসবুকে লাইব করা শুরু করেন। জনাব টি,এম মোশাররফ হোসেন, অতিরিক্ত পুলিশ সুপার অনুমানিক ০৪:৩০ মিনিটে ঘটনাস্থলে উপস্থিত হন এবং পুলিশ সুপারের নির্দেশনা মোতাবেক মামুনুল হককে বুঝিয়ে থানায় নিয়ে আসার কার্যক্রম শুরু করেন। কিন্তু হেফাজতের নেতাকর্মীরা ততক্ষণে রয়েল রিসোর্টের নিয়ন্ত্রণ নেয়ায় মামুনুল হককে থানায় নেয়া সম্ভব হয়নি। পরবর্তীতে হেফাজত নেতা কর্মীরা আবার ভাংচুর শুরু করলে তিনি তাদের স্থানীয় নেতাদের সাথে কথা বলেন এবং জান্নাত আরা ঝর্নাকে হেফাজত কর্মীদের হাতে বুঝিয়ে দেন। উক্ত ঘটনায় তিনি ঘটনাস্থলে পুলিশ সদস্যদের সঠিকভাবে নিয়ন্ত্রণ করতে পারেননি, উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনা ব্যতিত সোনারগাঁও থানায় সাংবাদিকদের ব্রিফিং প্রদান করেন এবং জান্নাত আরা ঝর্নাকে হেফাজত কর্মীদের হাতে বুঝিয়ে দেওয়ার সময় নারী পুলিশ সদস্যদের সাথে যেতে বলেন, যা তাদের নিরাপত্তাকে বিঘ্নিত করার অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে গত ১৬-১০-২০২২ তারিখ ৪৪.০০.০০০০.০৫৮.২৭.০৬২ .২০২২-৬২ নং স্মারকমূলে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারি করা হয়। তৎপ্রেক্ষিতে গত ১৭-১০-২০২২ তারিখে কারণ দর্শানোর জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানির আবেদন করেন এবং গত ২৭-১০-২০২২ তারিখ তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, তার কারণ দর্শানোর জবাব, ব্যক্তিগত শুনানিতে পক্ষগণের প্রদত্ত বক্তব্য এবং প্রাসঙ্গিক সকল তথ্যাদি বিবেচনা করে অভিযোগ প্রমাণিত হলে গুরুদণ্ড আরোপের সম্ভাবনা থাকায় আনীত অভিযোগসমূহ তদন্তপূর্বক প্রতিবেদন প্রদানের জন্য জনাব মোঃ জাহাঙ্গীর আলম, বিপিএম (বিপি-৮০০৫১০৫১১৪), পুলিশ সুপার, পিবিআই, ঢাকা-কে গত ১৮-১২-২০২২ উক্ত বিভাগীয় মামলার তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক গত ০৫-০৪-২০২৩ তারিখে দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে জনাব টি,এম, মোশাররফ হোসেন (বিপি-৭৮০৮১২১৫৭১), অতিরিক্ত পুলিশ সুপার, সাময়িক বরখাস্ত, রেঞ্জ ডিআইজি'র কার্যালয়, খুলনায় সংযুক্ত এর বিরুদ্ধে আনীত "অদক্ষতা" ও "অসদাচরণ" এর অভিযোগ তদন্ত ও সাক্ষ্য প্রমাণে প্রমাণিত হয়নি; এবং

সেহেতু, জনাব টি,এম, মোশাররফ হোসেন (বিপি-৭৮০৮১২১৫৭১), অতিরিক্ত পুলিশ সুপার, সাময়িক বরখাস্ত, রেঞ্জ ডিআইজি'র কার্যালয়, খুলনায় সংযুক্ত এর বিরুদ্ধে আনীত অভিযোগ, অভিযোগ সম্পর্কিত প্রাসঙ্গিক দলিলপত্রাদি, তদন্ত প্রতিবেদন এবং

সার্বিক পর্যালোচনা করে আনীত অভিযোগ প্রমাণিত না হওয়ায় তাকে ভবিষ্যতে সরকারি দায়িত্ব পালনের ক্ষেত্রে আরও সতর্কতা অবলম্বনের নির্দেশ দিয়ে বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মোস্তাফিজুর রহমান**, বিপিএএ
সিনিয়র সচিব।

---

**আইন-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১১ জ্যৈষ্ঠ ১৪৩০/২৫ মে ২০২৩

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০১.১৯.৬৮৮**—মুন্সীগঞ্জ জেলার সিরাজদীখান থানার মামলা নং-২২, তারিখ ২৩-০৪-২০২১-এর ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৮/৯ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে সন্ত্রাস বিরোধ আইন, ২০০৯. {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আশাফুর রহমান**
উপসচিব।

---

**অর্থ মন্ত্রণালয়**
**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**বিএসইসি ও বিআইসিএম শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২২ জ্যৈষ্ঠ ১৪৩০/০৫ জুন ২০২৩

**নং ৫৩.০০.০০০০.৪২১.১১.০০৩.২১-৪৯**—বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিটাল মার্কেট (বিআইসিএম) এর পরিচালনা পর্ষদে পরিচালক পদে আর্থিক প্রতিষ্ঠান বিভাগের যুগ্মসচিব জনাব মো: শাহ আলম-কে ০২ (দুই) বছর মেয়াদের জন্য মনোনয়ন প্রদান করা হলো।

০২। অত্র বিভাগ কর্তৃক এ বিষয়ে গত ১৯ ফেব্রুয়ারি ২০১৮ তারিখে জারীকৃত ৫৩.০০.০০০০.৪২১.১১.০০২.১৮-৪৩ প্রজ্ঞাপনটি বাতিল বলে গন্য হবে।

০৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ জাহিদ হোসেন**
উপসচিব।

**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**
**শিক্ষা মন্ত্রণালয়**
**শৃঙ্খলা বিষয়ক শাখা**

**অফিস আদেশ**

তারিখ : ২৪ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ/০৭ জুন ২০২৩ খ্রিষ্টাব্দ

**নং ৩৭.০০.০০০০.০৯৫.০২৭.০৪.২০২০.২৭০**—যেহেতু, জনাব মিলটন মন্ডল (০২৬০২৬), প্রভাষক (হিসাববিজ্ঞান), সরকারি গৌরনদী কলেজ, গৌরনদী, বরিশাল কোতয়ালী মডেল থানার মামলা নং-০৬, তারিখ : ০২-০৪-২০১৯, ধারা ডিজিটাল নিরাপত্তা আইন ২০১৮ ২৩ (১)(২)/২৫(১)(ক)(২)২৯ (১) ৯ (২). জি. আর নং-২৪৪/২০১৯ (কোতয়ালী) দায়ের হলে উক্ত মামলায় তাকে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হয়;

যেহেতু, পরবর্তীতে বিজ্ঞ সাইবার ট্রাইব্যুনাল, বরিশাল আদালত, বরিশাল গত ০২-০৩-২০২৩ খিস্টাব্দে মামলা হতে তাকে খালাস প্রদান করেন;

সেহেতু, জনাব মিলটন মন্ডল (০২৬০২৬), প্রভাষক (হিসাববিজ্ঞান), সরকারি গৌরনদী কলেজ, গৌরনদী, বরিশাল-কে সরকারি চাকরি আইন, ২০১৮-এর ৩৯(৩) ধারা অনুযায়ী চাকরি হতে সাময়িক বরখাস্ত প্রত্যাহার করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সোলেমান খান**
সচিব।

---

**বেসরকারি বিশ্ববিদ্যালয়-১**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ২২ জ্যৈষ্ঠ, ১৪৩০ বঙ্গাব্দ/০৫ জুন, ২০২৩ খ্রিস্টাব্দ

**নং শিম/শাঃ ১৭/৪ বিমক-৩/২০০২(অংশ-২)-১৮৮**— বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন আদেশ, ১৯৭৩ (রাষ্ট্রপতির আদেশ নম্বর-১০/৭৩)-এর সংশোধিত আইন, ১৯৯৮ এর ২ (বি) ধারা অনুযায়ী অধ্যাপক ড. সাজ্জাদ হোসেন, সদস্য, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, শেরে বাংলানগর, আগারগাঁও, ঢাকা-কে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের পূর্ণকালীন সদস্য হিসেবে দ্বিতীয় মেয়াদে নিম্নবর্ণিত শর্তে নিয়োগ প্রদান করা হলো :

**শর্তসমূহ :**

(ক) এ নিয়োগের মেয়াদ হবে ৪ (চার) বছর। তবে সরকার প্রয়োজন মনে করলে নির্ধারিত মেয়াদ শেষ হওয়ার পূর্বে দায়িত্ব হতে অব্যাহতি দিতে পারবেন;

(খ) বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সদস্য হিসেবে বর্তমানে তিনি যে বেতন-ভাতা পাচ্ছেন, দ্বিতীয় মেয়াদে নিয়োগপ্রাপ্ত হলে তিনি একইভাবে বেতন-ভাতা প্রাপ্য হবেন;

(গ) কমিশনের সদস্য হিসেবে তিনি প্রচলিত বিধি অনুযায়ী অন্যান্য সুবিধাদি পাবেন;

(ঘ) এ নিয়োগ তাঁর যোগদানের তারিখ থেকে কার্যকর হবে।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

নং শিম/শাঃ ১৭/৪ বিমক-৩/২০০২(অংশ-১)-১৮৯—বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন আদেশ, ১৯৭৩ (রাষ্ট্রপতির আদেশ নম্বর-১০/৭৩)-এর সংশোধিত আইন, ১৯৯৮ এর ২ (বি) ধারা অনুযায়ী অধ্যাপক ড. মোহাম্মদ আলমগীর, সদস্য, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, শেরে বাংলানগর, আগারগাঁও, ঢাকা-কে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের পূর্ণকালীন সদস্য হিসেবে দ্বিতীয় মেয়াদে নিম্নবর্ণিত শর্তে নিয়োগ প্রদান করা হলো :

**শর্তসমূহ :**

(ক) এ নিয়োগের মেয়াদ হবে ৪ (চার) বছর। তবে সরকার প্রয়োজন মনে করলে নির্ধারিত মেয়াদ শেষ হওয়ার পূর্বে দায়িত্ব হতে অব্যাহতি দিতে পারবেন;

(খ) বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সদস্য হিসেবে বর্তমানে তিনি যে বেতন-ভাতা পাচ্ছেন, দ্বিতীয় মেয়াদে নিয়োগপ্রাপ্ত হতে তিনি একইভাবে বেতন-ভাতা প্রাপ্য হবেন;

(গ) কমিশনের সদস্য হিসেবে তিনি প্রচলিত বিধি অনুযায়ী অন্যান্য সুবিধাদি পাবেন;

(ঘ) এ নিয়োগ তাঁর যোগদানের তারিখ থেকে কার্যকর হবে।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

**ড. মোঃ ফরহাদ হোসেন**
উপসচিব।

---

**[একই নম্বর ও তারিখের প্রজ্ঞাপনের স্থলাভিষিক্ত হবে]**

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**

**স্বাস্থ্য সেবা বিভাগ**

**শৃঙ্খলা অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৬ মে ২০২৩ খ্রি.

নং ৪৫.০০.০০০০.১২২.০২৭.১৪৮.২০২২-৩২২—যেহেতু, ডা. সৈয়দ মুহাম্মদ জামাল উদ্দিন (৪১৭৪৮), ইমারজেন্সি মেডিকেল অফিসার, জেনারেল হাসপাতাল, বরিশাল গত ২৬-০২-২০২২ হতে ২২-১১-২০২২ খ্রি. তারিখ পর্যন্ত চাকরিতে অননুমোদিতভাবে অনুপস্থিত ছিলেন মর্মে অভিযোগ পাওয়া যায়;

যেহেতু উক্ত অভিযোগ তার বিরুদ্ধে স্বাস্থ্য সেবা বিভাগের ২২-০২-২০২৩ খ্রি. তারিখের ৪৫.০০.০০০০. ১২২.০২৭. ১৪৮. ২২-১০২ নং স্মারকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ (খ) ও ৩(গ) অনুযায়ী যথাক্রমে অসদাচরণ ও পলায়নের অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানির আবেদন করেন;

যেহেতু, গত ৩০-০৩-২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত ব্যক্তিগত শুনানিতে তার বক্তব্য গ্রহণ ও লিপিবদ্ধ করা হয়;

যেহেতু, তিনি অভিযোগের সত্যতা স্বীকারপূর্বক ক্ষমা প্রার্থনা করেছেন;

যেহেতু, ইতোমধ্যে অভিযুক্ত কর্মকর্তা সরকারি চাকরির পঁচিশ বছর পূর্তিতে স্বেচ্ছায় অবসর প্রদানের আবেদন দাখিল করেছেন এবং এ কারণে বিভাগীয় মামলাটি দ্রুত নিষ্পত্তি করা সমীচীন;

সেহেতু, অভিযুক্ত ডা. সৈয়দ মুহাম্মদ জামাল উদ্দিনের স্বাস্থ্যগত ও পারিবারিক সমস্যা এবং চাকরি থেকে স্বেচ্ছায় অবসর প্রদানের বিষয়টি বিবেচনা করে তাকে অভিযোগের দায় থেকে অব্যাহতি দিয়ে বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলো। তার অনুপস্থিতিকাল ২৬-০২-২০২২ হতে ২২-১১-২০২২ খ্রি. তারিখ পর্যন্ত সময়কে বিনা বেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হলো। ইতোমধ্যে উক্ত সময়ের বেতন-ভাতা উত্তোলন করা হয়ে থাকলে তা যথানিয়মে সরকারি কোষাগারে প্রত্যর্পণ করতে হবে।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মুঃ আনোয়ার হোসেন হাওলাদার**
সচিব।

---

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৮ মে ২০২৩ খ্রি.

নং ৪৫.০০.০০০০.১২২.২৭.০২২.২০২১-৩৩২—যেহেতু ডা. মোঃ আসাদ হোসেন (১০৪২৭৫), অধ্যাপক, এনাটমি, ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর-এর বিরুদ্ধে 'শহীদ তাজউদ্দীন আহমদ মেডিকেল কলেজ ও হাসপাতাল, গাজীপুর স্থাপন' প্রকল্প অধ্যক্ষ ও প্রকল্প পরিচালক হিসেবে কর্মরত থাকাকালে প্রকল্পের জন্য জমি ক্রয়/অধিগ্রহণ এবং বিভিন্ন মেডিকেল সরঞ্জাম কেনাকাটায় অনিয়ম ও দুর্নীতি ঘটনা ঘটে মর্মে অভিযোগ পাওয়া যায়;

যেহেতু স্বাস্থ্য সেবা বিভাগের তিন সদস্যবিশিষ্ট কমিটির তদন্তে অভিযোগের প্রাথমিক সত্যতা পাওয়া যায়;

যেহেতু উক্ত অভিযোগসমূহের পরিপ্রেক্ষিতে তার বিরুদ্ধে স্বাস্থ্য সেবা বিভাগের ২৫-০৫-২০২১ খ্রি. তারিখের ৪৫.০০. ০০০০. ১২২.২৭.০২২.২০২১-২০৪ নং স্মারকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(ঘ) অনুযায়ী যথাক্রমে অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানির আবেদন করেন;

যেহেতু গত ২১-০৮-২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত ব্যক্তিগত শুনানিতে তার বক্তব্য গ্রহণ ও লিপিবদ্ধ করা হয়;

যেহেতু শুনানিতে তার উপস্থাপিত বক্তব্য সন্তোষজনক বিবেচিত হয়নি এবং অভিযোগ তদন্ত করার জন্য উল্লিখিত বিধিমালার বিধি ৭(২) (ঘ) অনুযায়ী তিন সদস্যবিশিষ্ট তদন্ত কমিটি নিয়োগ করা হয়;

যেহেতু তদন্ত কমিটি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করে এবং প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে, অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত দুর্নীতির অভিযোগ প্রমাণিত হয়নি, তবে ক্রয়কার্যক্রমের কিছু ক্ষেত্রে পিপিআরের ব্যত্যয় ঘটায় অসদাচরণের অভিযোগ প্রমাণিত হয়;

সেহেতু অভিযুক্ত ডা. মোঃ আসাদ হোসেনকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(২) (খ) অনুসারে ০১ (এক) বছরের জন্য বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত রাখার লঘুদণ্ড আরোপ করা হলো। তিনি ভবিষ্যতে এ বিষয়ে বকেয়া সুবিধাদি দাবি করতে পারবেন না। এ সংক্রান্ত বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মুঃ আনোয়ার হোসেন হাওলাদার**
সচিব।

## প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
## তদন্ত ও শৃঙ্খলা শাখা

### প্রজ্ঞাপন

তারিখ : ০৭ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ/২১ মে ২০২৩ খ্রিষ্টাব্দ

**নং ৩৮.০০.০০০০.০০৪.০৪.০১৬.২২-২০৭**—যেহেতু জনাব মোহাম্মদ শফিকুল ইসলাম সরকার, উপজেলা শিক্ষা অফিসার, বানিয়াচং, হবিগঞ্জ ইতঃপূর্বে উপজেলা শিক্ষা অফিসার, আজমিরীগঞ্জ, হবিগঞ্জ কর্মকালীন নোয়াগড় সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ০৬ জন কর্মরত শিক্ষকের মধ্য হতে ০৫ জন শিক্ষককে নিয়ম বহির্ভূতভাবে বদলির জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর সুপারিশসহ প্রস্তাব প্রেরণ এবং তিনি বিদ্যালয়ের স্বার্থকে বিবেচনায় না এনে উদ্দেশ্যমূলকভাবে বদলির সুপারিশ করায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) মোতাবেক অসদাচরণের অভিযোগে ১৯ মে ২০২২ তারিখে বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়; এবং

যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল করেন এবং আত্মপক্ষ সমর্থনে ব্যক্তিগত শুনানি না চাওয়ায় বিভাগীয় মামলায় আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

যেহেতু, তার লিখিত জবাব, তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্র এবং নথি পর্যালোচনায় তার বিরুদ্ধে আনীত আজমিরীগঞ্জ উপজেলার নোয়াগড় সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ০৬ জন কর্মরত শিক্ষকের মধ্য হতে ০৫ জন শিক্ষককে নিয়ম বহির্ভূতভাবে বদলির জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর সুপারিশসহ প্রস্তাব প্রেরণ এবং তিনি বিদ্যালয়ের স্বার্থকে বিবেচনায় না এনে উদ্দেশ্যমূলকভাবে বদলি সুপারিশ করার অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে যা অসদাচরণের পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ। সার্বিক বিবেচনায় তাকে লঘুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

সেহেতু, জনাব মোহাম্মদ শফিকুল ইসলাম সরকার, উপজেলা শিক্ষা অফিসার, বানিয়াচং, হবিগঞ্জ (সাবেক উপজেলা শিক্ষা অফিসার, আজমিরীগঞ্জ, হবিগঞ্জ)-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) মোতাবেক অসদাচরণের অভিযোগে একই বিধিমালার বিধি ৪(২)(খ) মোতাবেক "বেতন বৃদ্ধি স্থগিত রাখা" দণ্ড প্রদান করা হলো। নির্দিষ্ট মেয়াদে অর্থাৎ ০১ জুলাই ২০২৩ হতে ৩০ জুন ২০২৫ তারিখ পর্যন্ত ০২ (দুই) বছরের জন্য তার বেতন বৃদ্ধি স্থগিত রাখা হলো। স্থগিতকৃত বর্ধিত বেতন পরবর্তীতে তিনি বকেয়া হিসেবে প্রাপ্য হবেন না।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**ফরিদ আহম্মদ**
সচিব।

---

## বিদ্যালয়-১ অধিশাখা

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ০৯ জ্যৈষ্ঠ ১৪৩০/২৩ মে ২০২৩

**নং ৩৮.০০.০০০০.০০৭.১১.০০৭.২০২৩-১২৮**—প্রাথমিক বিদ্যালয় (অধিগ্রহণ আইন) ১৯৭৪ এর ৩(১) ধারার প্রদত্ত ক্ষমতাবলে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় হতে ১৭-০৬-২০১৩ তারিখের ২৫৪ নং স্মারক, ১৯-০৬-২০১৩ তারিখের ২৬২ নং স্মারক, ২৪-০৬-২০১৩ তারিখের ২৬৫ নং স্মারক, ২৪-০৬-২০১৩ তারিখের ২৬৬ নং স্মারক, ০১-০৭-২০১৩ তারিখের ২৭২ নং স্মারক, ১০-০৭-২০১৩ তারিখের ২৮৪ নং স্মারক, ১০-০৭-২০১৩ তারিখের ২৮৫ নং স্মারক, ২৪-০৭-২০১৩ তারিখের ৩০৩ নং স্মারক, ০৫-০৮-২০১৩ তারিখের ৩৩২ নং স্মারক, ০৭-০৮-২০১৩ তারিখের ৩৩৪ নং স্মারক, ২৬-০৯-২০১৩ তারিখের ৪১৩ নং স্মারক, ২৬-০৯-২০১৩ তারিখের ৪১২ নং স্মারক, ০৬-১১-২০১৩ তারিখের ৪৫৮ নং স্মারক, ১৪-১১-২০১৩ তারিখের ৫০৯ নং স্মারক, ০৯-১২-২০১৩ তারিখের ৫৭৩ নং স্মারক, ১৮-১২-২০১৩ তারিখের ৫১৯ নং স্মারক, ২৬-১২-২০১৩ তারিখের ৫৯৬ নং স্মারক, ২৩-০৩-২০১৪ তারিখের ৭২৬ নং স্মারক, ০২-০৪-২০১৪ তারিখের ৭৪৭ নং স্মারক, ১১-০৪-২০১৭ তারিখের ১৫৪ নং স্মারক, ২৬-০২-২০১৮ তারিখের ৩২০ নং স্মারকে বর্ণিত বিদ্যালয়সমূহ ১ম ধাপে ০১-০১-২০১৩ তারিখ হতে সরকারিকরণ করা হয়।

০২। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের ০৬-১০-২০১৩ তারিখের ৪২৪ নং স্মারক, ০৮-১০-২০১৩ তারিখের ৪৩১ নং স্মারক, ২০-১০-২০১৩ তারিখের ৪৩৬ নং স্মারক, ২৯-১০-২০১৩ তারিখের ৪৪১ নং স্মারক, ০৭-১১-২০১৩ তারিখের ৪৬৪ নং স্মারক, ২১-১১-২০১৩ তারিখের ৫৩৪ নং স্মারক, ০২-০৪-২০১৪ তারিখের ৭৪৫ নং স্মারক, ২৪-০৪-২০১৪ তারিখের ৮০২ নং স্মারক, ২১-০১-২০১৫ তারিখের ২৯ নং স্মারক, ২৬-১১-২০১৮ তারিখের ৩১৯ নং স্মারকে বর্ণিত বিদ্যালয়সমূহ ২য় ধাপে অর্থাৎ ০১-০৭-২০১৩ তারিখ হতে সরকারিকরণ করা হয়।

০৩। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের ১৯-০২-২০১৫ তারিখের ৬৭ নং স্মারক, ৩০-০৯-২০১৫ তারিখের ১০৮৮ নং স্মারক, ১০-১২-২০১৫ তারিখের ২৩৬০ নং স্মারক, ২৩-০৩-২০১৭ তারিখের ১১৯ নং স্মারক, ২৬-১১-২০১৮ তারিখের ৩১৮ নং স্মারকে বর্ণিত বিদ্যালয়সমূহ ৩য় ধাপে অর্থাৎ ০১-০১-২০১৪ তারিখ হতে সরকারিকরণ করা হয়।

০৪। এমতাবস্থায়, উপরিউক্ত স্মারকসমূহে সরকারি নিয়ন্ত্রণে আনয়নকৃত বিদ্যালয়সমূহের নামের সাথে সংযুক্ত **রেজিঃ বেঃ/কমিউনিটি/বেসরকারি** শব্দগুলোর পরিবর্তে **"সরকারি"** শব্দ প্রতিস্থাপিত হবে এবং যে সকল বিদ্যালয়ের নামের সাথে **সরকারি শব্দটি** সংযোজিত নেই সেখানে **"প্রাথমিক বিদ্যালয়"** শব্দসমূহের পূর্বে **"সরকারি"** শব্দ সংযোজিত হবে।

০৫। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ০৮ জ্যৈষ্ঠ ১৪৩০/২২ মে ২০২৩

**নং ৩৮.০০.০০০০.০০৭.১৮.০০১.২০২৩-১১৫**—সরকার চাঁপাইনবাবগঞ্জ জেলার নাচোল উপজেলার নেজামপুর ইউনিয়নের বাসুগ্রাম (কার্ত্তিকপুর) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী অধ্যুষিত এলাকার বাসুগ্রাম মৌজায় ( জে.এল নং ১২৫ সাবেক দাগ নং-১০৩, আর এস দাগ নং-১১৪, আর এস খতিয়ান নং-০৭, প্রস্তাবিত ১৪৭, জমির পরিমাণ-০.৩৩০০ একর) স্থানীয় বরেণ্য ব্যক্তিত্ব ইলা মিত্রের নামানুসারে 'ইলা মিত্র সরকারি প্রাথমিক বিদ্যালয়' স্থাপনের সিদ্ধান্ত গ্রহণ করিল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ কামাল হোসেন**
উপসচিব।

## বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
## সিএ-২ অধিশাখা

### প্রজ্ঞাপন

তারিখ : ১৬ জ্যৈষ্ঠ ১৪৩০ বঃ/৩০ মে ২০২৩ খ্রিঃ

নং ৩০.০০.০০০০.০১৪.২৪.০০১.২০২০-১৭৯—জনস্বার্থে Biman Bangladesh Airlines Ltd.এর Boeing 777-300ER, Boeing 737-800 এবং Boeing 787-8/9 aircraft এর দোহা এবং লন্ডন বিমানবন্দরে Line Maintenance সম্পন্ন করার নিমিত্ত "Qatar Airways Group" এর অনুকূলে ৩১ মে ২০২৩ হতে পরবর্তী ৪৫ (পঁয়তাল্লিশ) দিনের জন্য বেসামরিক বিমান চলাচল আইন, ২০১৭ এর ধারা ৪৪(১) এর বিধান অনুযায়ী CAR-1984, Rule-190 (4) & (5) এর অব্যাহতি (Exemption) প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**রোকসিন্দা ফারহানা**
উপসচিব।

---

## পর্যটন-১ অধিশাখা

### প্রজ্ঞাপন

তারিখ : ১৮ জ্যৈষ্ঠ ১৪৩০/০১ জুন ২০২৩

নং ৩০.০০.০০০০.০১৫.১১.০০১.২০.১৭২—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক পুনরাদেশ না দেওয়া পর্যন্ত হোটেলস্ ইন্টারন্যাশনাল লিমিটেড (হিল) এর পরিচালনা পর্ষদের পরিচালক জনাব মোঃ আলি কদর, প্রাক্তন চেয়ারম্যান, বাংলাদেশ পর্যটন কর্পোরেশন এর স্থলে বাংলাদেশ পর্যটন কর্পোরেশন এর বর্তমান চেয়ারম্যান জনাব মোঃ রাহাত আনোয়ার-কে এবং হিলের প্রাক্তন ব্যবস্থাপনা পরিচালক ড. মোঃ আমিনুর রহমান, এনডিসি এর স্থলে হিলের বর্তমান ব্যবস্থাপনা পরিচালক জনাব এ কে এম বেনজামিন রিয়াজী-কে হিলের পরিচালনা পর্ষদের পরিচালক হিসেবে মনোনয়ন প্রদান করা হইল।

০২। এই আদেশ জনস্বার্থে জারি করা হইল এবং ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মো: মঈন উদ্দিন**
উপসচিব।

---

## সিএ-৩ অধিশাখা

### প্রজ্ঞাপন

তারিখ : ১৬ জ্যৈষ্ঠ ১৪৩০/৩০ মে ২০২৩

নং ৩০.০০.০০০০.০২৬.২২.০০১.২১.১৫৫—যেহেতু "ড্রোন নিবন্ধন ও উড্ডয়ন নীতিমালা, ২০২০" এর অনুচ্ছেদ ১৪ মোতাবেক নীতিমালা কার্যকর করার উদ্দেশ্যে নির্ধারিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট সংস্থাসমূহের প্রয়োজনীয় প্রস্তুতি সম্পন্ন করা সম্ভব হয়নি, সেহেতু উক্ত অনুচ্ছেদে বর্ণিত সময়সীমা ০১-০৫-২০২৩ তারিখ হতে ৩১-১০-২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত ভূতাপেক্ষভাবে বর্ধিত করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আহমেদ জামিল**
উপসচিব।

## শিল্প মন্ত্রণালয়
## বিরাষ্ট্রীয়করণ অধিশাখা

### প্রজ্ঞাপন

তারিখ : ১৪ জ্যৈষ্ঠ ১৪৩০/২৮ মে ২০২৩

নং ৩৬.০০.০০০০.০৫৬.১৮.০৬১.১৫.৬১—দেশে বিরাজমান রুগ্ন শিল্পসমূহের সমস্যাদি নিরসনকল্পে প্রয়োজনীয় সুপারিশ প্রণয়ন এবং করোনা পরিস্থিতিসহ বর্তমান পরিস্থিতি বিবেচনায় ২০১২ সালের পর রুগ্ন হওয়া শিল্প প্রতিষ্ঠান যাচাই-বাছাইয়ের লক্ষ্যে শিল্প মন্ত্রণালয় কর্তৃক ১১-১১-২০০৯ তারিখের শিম/বিআ-১/রুগ্ন-২৭/৯৬ (অংশ-৬)/১৯৩ নং প্রজ্ঞাপনমূলে গঠিত টাস্কফোর্সটি পুনর্গঠন করে সরকার নিম্নোক্তভাবে একটি টাস্কফোর্স গঠন করল :

**আহ্বায়ক**

১. অতিরিক্ত সচিব (জাহাজ পুনঃ প্রক্রিয়া, বিরা, বেখা ও বিআইএম), শিল্প মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

২. যুগ্মসচিব (জাহাজ পুনঃ প্রক্রিয়া, বিরা, বেখা ও বিআইএম), শিল্প মন্ত্রণালয়

৩. অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের একজন প্রতিনিধি

৪. বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি

৫. বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা) এর একজন প্রতিনিধি

৬. বাংলাদেশ ব্যাংকের একজন প্রতিনিধি

৭. বিসিকের একজন প্রতিনিধি

৮. এফবিসিসিআই এর প্রতিনিধি

৯. বিজিএমই এর প্রতিনিধি

১০-১১. বাংলাদেশ সিক ইন্ডাস্ট্রিজ এসোসিয়েশনের প্রতিনিধি

**সদস্য সচিব**

১২. উপসচিব (বিরা), শিল্প মন্ত্রণালয়

২। শিল্প মন্ত্রণালয় কর্তৃক ১১-১১-২০০৯ তারিখে জারিকৃত শিম/বিআ-১/রগ্ন-২৭/৯৬ (অংশ-৬)/১৯৩ নং প্রজ্ঞাপনটি এ প্রজ্ঞাপনটি জারির তারিখ হতে বাতিল বলে গণ্য হবে।

৩। কার্যপরিধি :

(ক) টাস্কফোর্স দেশে বিরাজমান রুগ্ন শিল্পসমূহের সমস্যাদি নিরসনকল্পে প্রয়োজনীয় সুপারিশ প্রণয়ন করবে;

(খ) টাস্কফোর্স সুনির্দিষ্ট ক্রাইটেরিয়ার ভিত্তিতে করোনা পরিস্থিতিসহ বর্তমান পরিস্থিতি বিবেচনায় ২০১২ সালের পর রুগ্ন হওয়া শিল্প প্রতিষ্ঠান যাচাই-বাছাইপূর্বক তালিকা প্রণয়ন করে উক্ত তালিকা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগে প্রেরণ করবে;

(গ) টাস্কফোর্স প্রয়োজনে এক বা একাধিক সদস্য কো-অপ্ট করতে পারবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মোমিনুর রশীদ**
উপসচিব।

**মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়**
**প্রাণিসম্পদ-২ অধিশাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ১৭ জ্যৈষ্ঠ ১৪৩০/৩১ মে ২০২৩

নং **৩৩.০১.০০০০.১১৮.০৭.০১৯.০৬.১৯৫**—অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ১৬-০৫-২০২৩ তারিখের ০৭.০০.০০০০.১৪৫.২২.০০৩.২১.৬৪ নং স্মারকের সম্মতির পরিপ্রেক্ষিতে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন প্রাণিসম্পদ অধিদপ্তরের গবাদিপশু ও পোল্ট্রি খামার (বিশেষায়িত ও প্রজাতিভিত্তিক) এর বিভিন্ন ক্যাটাগরির নিবন্ধন ফি ও নবায়ন ফি নিম্নবর্ণিতভাবে নির্ধারণ করা হলো :

| ক্রম নং | খামারের বিবরণ | হাঁস-মুরগি/গবাদিপশুর সংখ্যা অনুসারে খামারের শ্রেণি | অর্থ বিভাগের সুপারিশ | |
|---|---|---|---|---|
| | | | নিবন্ধন ফি (টাকায়) | নবায়ন ফি (টাকায়) (এক বছরের জন্য) |
| ১। | দুগ্ধ খামার (গরু) | এ-শ্রেণি (৫১ তদূর্ধ্ব) | ২০,০০০.০০ | ৩,০০০.০০ |
| | | বি-শ্রেণি (২১ থেকে ৫০ পর্যন্ত) | ১০,০০০.০০ | ১,৫০০.০০ |
| | | সি-শ্রেণি (১১ থেকে ২০ পর্যন্ত) | ২,৫০০.০০ | ৫০০.০০ |
| | | ডি-শ্রেণি (০৩ থেকে ১০ পর্যন্ত) | ৫০০.০০ | ১০০.০০ |
| ২। | দুগ্ধ খামার (মহিষ) | এ-শ্রেণি (৫১ তদূর্ধ্ব) | ১০,০০০.০০ | ২,০০০.০০ |
| | | বি-শ্রেণি (২১ থেকে ৫০ পর্যন্ত) | ৫,০০০.০০ | ১,০০০.০০ |
| | | সি-শ্রেণি (১১ থেকে ২০ পর্যন্ত) | ২,০০০.০০ | ৫০০.০০ |
| | | ডি-শ্রেণি (০৩ থেকে ১০ পর্যন্ত) | ৫০০.০০ | ১০০.০০ |
| ৩। | হৃষ্ট-পুষ্টকরণ খামার (গরু) | এ-শ্রেণি (৫১ তদূর্ধ্ব) | ২০,০০০.০০ | ৩,০০০.০০ |
| | | বি-শ্রেণি (২১ থেকে ৫০ পর্যন্ত) | ৫,০০০.০০ | ১,৫০০.০০ |
| | | সি-শ্রেণি (১১ থেকে ২০ পর্যন্ত) | ২,০০০.০০ | ৫০০.০০ |
| | | ডি-শ্রেণি (০৩ থেকে ১০ পর্যন্ত) | ৫০০.০০ | ১০০.০০ |
| ৪। | হৃষ্ট-পুষ্টকরণ খামার (মহিষ) | এ-শ্রেণি (৫১ তদূর্ধ্ব) | ১০,০০০.০০ | ২,০০০.০০ |
| | | বি-শ্রেণি (২১ থেকে ৫০ পর্যন্ত) | ৫,০০০.০০ | ১,০০০.০০ |
| | | সি-শ্রেণি (১১ থেকে ২০ পর্যন্ত) | ২,০০০.০০ | ৫০০.০০ |
| | | ডি-শ্রেণি (০৩ থেকে ১০ পর্যন্ত) | ৫০০.০০ | ১০০.০০ |
| ৫। | ছাগল খামার | এ-শ্রেণি (৬১ তদূর্ধ্ব) | ৫,০০০.০০ | ১,০০০.০০ |
| | | বি-শ্রেণি (৪১ থেকে ৬০ পর্যন্ত) | ৩,০০০.০০ | ৮০০.০০ |
| | | সি-শ্রেণি (২১ থেকে ৪০ পর্যন্ত) | ১,০০০.০০ | ৫০০.০০ |
| | | ডি-শ্রেণি (০৫ থেকে ২০ পর্যন্ত) | ২০০.০০ | ১০০.০০ |
| ৬। | ভেড়ার খামার | এ-শ্রেণি (৬১ তদূর্ধ্ব) | ৫,০০০.০০ | ১,০০০.০০ |
| | | বি-শ্রেণি (৪১ থেকে ৬০ পর্যন্ত) | ৩,০০০.০০ | ৮০০.০০ |
| | | সি-শ্রেণি (২১ থেকে ৪০ পর্যন্ত) | ১,০০০.০০ | ৫০০.০০ |
| | | ডি-শ্রেণি (০৫ থেকে ২০ পর্যন্ত) | ২০০.০০ | ১০০.০০ |
| ৭। | শুকর খামার | এ-শ্রেণি (৬১ তদূর্ধ্ব) | ১,০০০.০০ | ২০০.০০ |
| | | বি-শ্রেণি (৪১ থেকে ৬০ পর্যন্ত) | ৮০০.০০ | ১৬০.০০ |
| | | সি-শ্রেণি (২১ থেকে ৪০ পর্যন্ত) | ৫০০.০০ | ১০০.০০ |
| | | ডি-শ্রেণি (০৫ থেকে ২০ পর্যন্ত) | ২০০.০০ | ৫০.০০ |
| ৮। | মুরগির জি.পি. খামার | শ্রেণি নির্বিশেষে | ১,০০,০০০.০০ | ২৫,০০০০.০০ |
| ৯। | হ্যাচারি (ব্রিডার ফার্মের বাহিরে অবস্থিত) | শ্রেণি নির্বিশেষে | ৫০,০০০.০০ | ১০,০০০.০০ |
| ১০। | মুরগির প্যারেন্ট স্টক খামার (ব্রিডার ফার্মের মধ্যে স্থাপিত হ্যাচারিসহ) | এ-শ্রেণি (২০,০০১ তদূর্ধ্ব) | ১,০০,০০০.০০ | ১৫,০০০.০০ |
| | | বি-শ্রেণি (১০,০০১ থেকে ২০,০০০ পর্যন্ত) | ৫০,০০০.০০ | ১০,০০০.০০ |
| | | সি-শ্রেণি (১,০০১ থেকে ১০,০০০ পর্যন্ত) | ১৫,০০০.০০ | ৩,০০০.০০ |
| | | ডি-শ্রেণি (১০১ থেকে ১,০০০ পর্যন্ত) | ৫,০০০.০০ | ১,০০০.০০ |

| ক্রম নং | খামারের বিবরণ | হাঁস-মুরগি/গবাদিপশুর সংখ্যা অনুসারে খামারের শ্রেণি | অর্থ বিভাগের সুপারিশ | |
|---|---|---|---|---|
| | | | নিবন্ধন ফি (টাকায়) | নবায়ন ফি (টাকায়) (এক বছরের জন্য) |
| ১১। | মুরগির খামার (লেয়ার) | এ-শ্রেণি (২০,০০১ তদূর্ধ্ব) | ১,০০,০০০.০০ | ১০,০০০.০০ |
| | | বি-শ্রেণি (১০,০০১ থেকে ২০,০০০ পর্যন্ত) | ৩০,০০০.০০ | ৩,০০০.০০ |
| | | সি-শ্রেণি (১,০০১ থেকে ১০,০০০ পর্যন্ত) | ৫,০০০.০০ | ১,০০০.০০ |
| | | ডি-শ্রেণি (১০১ থেকে ১,০০০ পর্যন্ত) | ১,৫০০.০০ | ৫০০.০০ |
| ১২। | মুরগির খামার (ব্রয়লার) | এ-শ্রেণি (২০,০০১ তদূর্ধ্ব) | ৫০,০০০.০০ | ১০,০০০.০০ |
| | | বি-শ্রেণি (১০,০০১ থেকে ২০,০০০ পর্যন্ত) | ১০,০০০.০০ | ৫,০০০.০০ |
| | | সি-শ্রেণি (১,০০১ থেকে ১০,০০০ পর্যন্ত) | ২,৫০০.০০ | ১,০০০.০০ |
| | | ডি-শ্রেণি (১০১ থেকে ১,০০০ পর্যন্ত) | ১,০০০.০০ | ৫০০.০০ |
| ১৩। | মুরগির খামার (সোনালী) | এ-শ্রেণি (২০,০০১ তদূর্ধ্ব) | ২০,০০০.০০ | ৫,০০০.০০ |
| | | বি-শ্রেণি (১০,০০১ থেকে ২০,০০০ পর্যন্ত) | ১০,০০০.০০ | ৩,০০০.০০ |
| | | সি-শ্রেণি (১,০০১ থেকে ১০,০০০ পর্যন্ত) | ৫,০০০.০০ | ১,৫০০.০০ |
| | | ডি-শ্রেণি (১০১ থেকে ১,০০০ পর্যন্ত) | ১,০০০.০০ | ৫০০.০০ |
| ১৪। | কোয়েল খামার | এ-শ্রেণি (২০,০০১ তদূর্ধ্ব) | ৫,০০০.০০ | ২,৫০০.০০ |
| | | বি-শ্রেণি (১০,০০১ থেকে ২০,০০০ পর্যন্ত) | ২,৫০০.০০ | ১,৫০০.০০ |
| | | সি-শ্রেণি (১,০০১ থেকে ১০,০০০ পর্যন্ত) | ১,০০০.০০ | ৫০০.০০ |
| | | ডি-শ্রেণি (১০১ থেকে ১,০০০ পর্যন্ত) | ৫০০.০০ | ২০০.০০ |
| ১৫। | হাঁসের (Duck) খামার | এ-শ্রেণি (২০,০০১ তদূর্ধ্ব) | ২০,০০০.০০ | ৫,০০০.০০ |
| | | বি-শ্রেণি (১০,০০১ থেকে ২০,০০০ পর্যন্ত) | ১০,০০০.০০ | ৩,০০০.০০ |
| | | সি-শ্রেণি (১,০০১ থেকে ১০,০০০ পর্যন্ত) | ৩,০০০.০০ | ১,০০০.০০ |
| | | ডি-শ্রেণি (১০১ থেকে ১,০০০ পর্যন্ত) | ১,০০০.০০ | ৫০০.০০ |
| ১৬। | রাজহাঁস খামার | এ-শ্রেণি (২০,০০১ তদূর্ধ্ব) | ১০,০০০.০০ | ১, ৫০০.০০ |
| | | বি-শ্রেণি (১০,০০১ থেকে ২০,০০০ পর্যন্ত) | ৫,০০০.০০ | ৭০০.০০ |
| | | সি-শ্রেণি (১,০০১ থেকে ১০,০০০ পর্যন্ত) | ২,০০০.০০ | ৩০০.০০ |
| | | ডি-শ্রেণি (১০১ থেকে ১,০০০ পর্যন্ত) | ১,০০০.০০ | ২০০.০০ |
| ১৭। | তিতির খামার | এ-শ্রেণি (২০,০০১ তদূর্ধ্ব) | ১০,০০০.০০ | ১, ৫০০.০০ |
| | | বি-শ্রেণি (১০,০০১ থেকে ২০,০০০ পর্যন্ত) | ৫,০০০.০০ | ৭০০.০০ |
| | | সি-শ্রেণি (১,০০১ থেকে ১০,০০০ পর্যন্ত) | ২,০০০.০০ | ৩০০.০০ |
| | | ডি-শ্রেণি (১০১ থেকে ১,০০০ পর্যন্ত) | ১,০০০.০০ | ২০০.০০ |
| ১৮। | টার্কি খামার | এ-শ্রেণি (২০,০০১ তদূর্ধ্ব) | ১০,০০০.০০ | ১, ৫০০.০০ |
| | | বি-শ্রেণি (১০,০০১ থেকে ২০,০০০ পর্যন্ত) | ৫,০০০.০০ | ৭০০.০০ |
| | | সি-শ্রেণি (১,০০১ থেকে ১০,০০০ পর্যন্ত) | ২,০০০.০০ | ৩০০.০০ |
| | | ডি-শ্রেণি (১০১ থেকে ১,০০০ পর্যন্ত) | ১,০০০.০০ | ২০০.০০ |
| ১৯। | কবুতর খামার | এ-শ্রেণি (২০,০০১ তদূর্ধ্ব) | ২০,০০০.০০ | ৫,০০০.০০ |
| | | বি-শ্রেণি (১০,০০১ থেকে ২০,০০০ পর্যন্ত) | ১৫,০০০.০০ | ৩,০০০.০০ |
| | | সি-শ্রেণি (১,০০১ থেকে ১০,০০০ পর্যন্ত) | ১০,০০০.০০ | ১,৫০০.০০ |
| | | ডি-শ্রেণি (১০১ থেকে ১,০০০ পর্যন্ত) | ৫,০০০.০০ | ১,০০০.০০ |

২। উপর্যুক্ত নিবন্ধন ফি ও নবায়ন ফি এ প্রজ্ঞাপন জারির তারিখ হতে কার্যকর হবে।

৩। এ বাবদ আদায়কৃত রাজস্ব সরকারি নির্ধারিত কোডে জমা প্রদান করতে হবে।

তারিখ : ২৪ জ্যৈষ্ঠ ১৪৩০/০৭ জুন ২০২৩

নং ৩৩.০০.০০০০.১১৮.১৫.০০৩.২১-২১৫—অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ০১-০৬-২০২৩ তারিখের ০৭.০০.০০০০.১৪৫.২২.০০৩.২১.৬৮ নং স্মারকের সম্মতির পরিপ্রেক্ষিতে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন প্রাণিসম্পদ অধিদপ্তরের বিভিন্ন পরিষেবার ফি হালনাগাদকরণ করা হলো :

(ক) দুগ্ধজাতদ্রব্য বিক্রয়

| ক্রমিক নং | পরিষেবাসমূহ | অর্থ বিভাগ কর্তৃক সুপারিশ (টাকায়) |
|---|---|---|
| ০১. | ঘি (কেজি) | ৯০০/- |
| ০২. | মাখন (কেজি) | ৬০০/- |
| ০৩. | ক্রীম (ননী) ১ লিটার | ৪০০/- |
| ০৪. | গরুর দুধ (প্রতি লিটার) (Pasteurized-Liquid) | ৭০/- |
| ০৫. | গরুর দুধ (প্রতি লিটার) (Non-Pasteurized-Liquid) | ৬০/- |
| ০৬. | মহিষের দুধ (প্রতি লিটার) (Non-Pasteurized-Liquid) | ৭০/- |
| ০৭. | প্রজননক্ষম পাঁঠা (প্রতিটি) (বয়স ৬ মাস বা তদূর্ধ্ব) | ২,০০০/- |
| ০৮. | বাড়ন্ত ছাগী (প্রতিটি) (বয়স ৩-৫ মাস পর্যন্ত) | ২,০০০/- |
| ০৯. | প্রজননক্ষম ছাগী (প্রতিটি) (বয়স ৫ মাসের উর্ধ্বে) | ৩,৫০০/- |
| ১০. | প্রজননক্ষম পুরুষ ভেড়া (প্রতিটি) (বয়স ৬ মাস বা তদূর্ধ্ব) | ১,৫০০/- |
| ১১. | বাড়ন্ত ভেড়ি (প্রতিটি) (বয়স ৩-৫ মাস পর্যন্ত) | ১,৫০০/- |
| ১২. | প্রজননক্ষম ভেড়ি (প্রতিটি) (বয়স ৫ মাসের উর্ধ্বে) | ২,০০০/- |
| ১৩. | শুকর ছানা (প্রতিটি) (বয়স ৬০ দিন—৯০ দিন) | ২,৬০০/- |
| ১৪. | শুকর ছানা (প্রতিটি) (বয়স ৯১ দিন—১২০ দিন) | ৩,১০০/- |
| ১৫. | বাড়ন্ত শুকর (প্রতিটি) (বয়স ১২১ দিন—১৫০ দিন) | ৩,৬০০/- |
| ১৬. | শুকর (প্রতিটি) (বয়স ১৫১ দিন বা তদূর্ধ্ব) | ৪,১০০/- |
| ১৭. | বাতিল/Culling শুকর (প্রতি কেজি) (জীবন্ত ওজন) | ২০০/- |

(খ) হাঁস-মুরগি বিক্রয়

| ক্রমিক নং | পরিষেবাসমূহ | অর্থ বিভাগ কর্তৃক সুপারিশ (টাকায়) | |
|---|---|---|---|
| ০১. | খাবার ডিম (প্রতি হালি) | মুরগি-৩০/- | হাঁস-৩২/- |
| ০২. | উর্বর ডিম (প্রতি হালি) | মুরগি-৩২/- | হাঁস-৩৬/- |
| ০৩. | একদিন বয়সের মুরগির বাচ্চা (Unsexed) (প্রতিটি) | ১৫/-(ফেব্রুয়ারি থেকে অক্টোবর পর্যন্ত) | |
| | | ১২/- (নভেম্বর থেকে জানুয়ারি পর্যন্ত) | |
| ০৪. | একদিন বয়সের হাঁসের বাচ্চা (Unsexed) (প্রতিটি) | ২৫/- (জিন্ডিং, খাকিক্যাম্বেল ইত্যাদি হালকা জাতের হাঁসের বাচ্চা)<br>৩০/- (বেইজিং জাতের হাঁসের বাচ্চা) (ফেব্রুয়ারি থেকে অক্টোবর পর্যন্ত) | |
| | | ২০/- (জিন্ডিং, খাকিক্যাম্বেল ইত্যাদি হালকা জাতের হাঁসের বাচ্চা)<br>২৫/- (বেইজিং জাতের হাঁসের বাচ্চা) (নভেম্বর থেকে জানুয়ারি পর্যন্ত) | |
| ০৫. | ২-১৪ দিন বয়সের হাঁস-মুরগির বাচ্চা (প্রতিটি) | ৪০/- | |
| ০৬. | ১৫-২৮ দিন বয়সের হাঁস-মুরগির বাচ্চা (প্রতিটি) | ৫০/- | |
| ০৭. | ২৯-৪২ দিন বয়সের হাঁস-মুরগির বাচ্চা (প্রতিটি) | ৮০/- | |
| ০৮. | ৪৩-৭০ দিন বয়সের হাঁস-মুরগির বাচ্চা (প্রতিটি) | ১০০/- | |
| ০৯. | ৭১-৯০ দিন বয়সের হাঁস-মুরগির বাচ্চা (প্রতিটি) | ১১৫/- | |
| ১০. | ৯১-১১০ দিন বয়সের হাঁস-মুরগি (প্রতিটি) | ১২৫/- | |
| ১১. | ১১১-১২৬ দিন বয়সের হাঁস-মুরগি (প্রতিটি) | ১৫০/- | |
| ১২. | ১২৭-১৪০ দিন বয়সের হাঁস-মুরগি (প্রতিটি) | ১৭৫/- | |
| ১৩. | ১৪১ দিন ও তার উর্ধ্বের প্রাপ্ত বয়সের হাঁস-মুরগি (প্রতিটি) | ২০০/- | |
| ১৪. | বাতিল/Culling মুরগি (জীবন্ত ওজন) (প্রতি কেজি) | ১৫০/- | |
| ১৫. | বাতিল/Culling হাঁস (জীবন্ত ওজন) (প্রতি কেজি) | ১৫০/- | |
| ১৬. | Dressed হাঁস (প্রতি কেজি) | ১৭৫/- | |

(গ) ঔষধ ও প্রতিষেধক বিক্রয়

| ক্রমিক নং | পরিষেবাসমূহ | অর্থ বিভাগ কর্তৃক সুপারিশ (টাকায়) | |
|---|---|---|---|
| | | প্রতি মাত্রা | ভায়াল |
| ০১. | তড়কা (১০০ মাত্রা) | ০.৮০ | ৮০.০০ |
| ০২. | বাদলা (২০ মাত্রা) | ২.০০ | ৪০.০০ |
| ০৩. | গলাফুলা (৫০ মাত্রা) | ১.০০ | ৫০.০০ |
| ০৪. | ক্ষুরারোগ ট্রাই (১০ মাত্রা) | ২৫.০০ | ২৫০.০০ |
| ০৫. | পিপিআর (১০০ মাত্রা) | ০.৭০ | ৭০.০০ |
| ০৬. | গোট পক্স (১০০ মাত্রা) | ০.৭৫ | ৭৫.০০ |
| ০৭. | রেবিস (LEP) (১ মাত্রা) | ৫০.০০ | ৫০.০০ |
| ০৮. | রেবিস (HEP) (১ মাত্রা) | ৫০.০০ | ৫০.০০ |
| ০৯. | মারেক্স (১০০০ মাত্রা) | ০.৪০ | ৪০০.০০ |
| ১০. | ডাকপ্লেগ (১০০ মাত্রা) | ০.৫০ | ৫০.০০ |
| ১১. | ফাউল পক্স (২০০ মাত্রা) | ০.২৫ | ৫০.০০ |
| ১২. | পিজিয়ন পক্স (২০০ মাত্রা) | ০.২০ | ৪০.০০ |
| ১৩. | আরডিভি (১০০ মাত্রা) | ০.২৫ | ২৫.০০ |
| ১৪. | বিসিআরডিভি (১০০ মাত্রা) | ০.২৫ | ২৫.০০ |
| ১৫. | ফাউল কলেরা (১০০ মাত্রা) | ০.৫০ | ৫০.০০ |
| ১৬. | গামবোরো (১০০০ মাত্রা) | ০.২৫ | ২৫০.০০ |
| ১৭. | সালমোনেলা (১০০ মাত্রা) | ১.২০ | ১২০.০০ |

(ঘ) কৃত্রিম প্রজনন চার্জ

| ক্রমিক নং | পরিষেবাসমূহ | অর্থ বিভাগ কর্তৃক সুপারিশ (টাকায়) |
|---|---|---|
| ০১. | তরল সিমেন দ্বারা কৃত্রিম প্রজনন ফি | ৫০/- |
| ০২. | হিমায়িত সিমেন দ্বারা কৃত্রিম প্রজনন ফি | ৭৫/- |

(ঙ) রংপুর চিড়িয়াখানার প্রবেশ ফি

| ক্রমিক নং | পরিষেবাসমূহ | অর্থ বিভাগ কর্তৃক সুপারিশ (টাকায়) |
|---|---|---|
| ০১. | সকল দর্শনার্থীর প্রবেশ ফি (৫ বছর বা তদূর্ধ্ব) | ২৫/- |
| ০২. | ছাত্র/ছাত্রী শিক্ষা সফর (দলভুক্ত ভাবে) প্রবেশ ফি | ১০/- (প্রতি জন) |
| ০৩. | শিশু (৫ বছরের নিচে) প্রবেশ ফি | বিনামূল্যে |
| ০৪. | অটিষ্টিকসহ সকল প্রকার প্রতিবন্ধী প্রবেশ ফি | বিনামূল্যে |

**শিশু পার্ক প্রবেশ ফি (রংপুর চিড়িয়াখানার ভিতরে অবস্থিত)**

| | | |
|---|---|---|
| ০১. | ৫ বছরের নিচে শিশু ব্যতীত সকল দর্শনার্থীর প্রবেশ ফি | ১০/- |
| ০২. | মেরিগো রাউন্ড এর টিকেটের মূল্য | ২০/- |
| ০৩. | ফাইটারপ্লেন এর টিকেটের মূল্য | ২০/- |
| ০৪. | ডেঞ্জার রোলার বোর্ট এর টিকেটের মূল্য | ২০/- |
| ০৫. | স্পাইডার ক্রেডোল এর টিকেটের মূল্য | ২০/- |
| ০৬. | ইলেকট্রিক বুলেট ট্রেন এর টিকেটের মূল্য | ২০/- |
| ০৭. | থ্রিডি মুভি এর টিকেটের মূল্য | ২০/- |
| ০৮. | ভূতের ঘর সংসার এর টিকেটের মূল্য | ২০/- |

২। উপর্যুক্ত নিবন্ধন ফি ও নবায়ন ফি এ প্রজ্ঞাপন জারির তারিখ হতে কার্যকর হবে।

৩। এ বাবদ আদায়কৃত রাজস্ব সরকারি নির্ধারিত কোডে জমা প্রদান করতে হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুহাম্মদ আনোয়ার হোসেন**
উপসচিব।

**অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ**
**প্রশাসন ও সমন্বয় অনুবিভাগ**
**প্রশাসন-২ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৪ জ্যৈষ্ঠ ১৪৩০/০৭ জুন ২০২৩

নং ০৭.০০.০০০০.০৮২.২৭.০০৭.২২—যেহেতু, বিসিএস (নিরীক্ষা ও হিসাব) ক্যাডারের ১৮তম ব্যাচের কর্মকর্তা জনাব এ বি এম ফরহাদ হোসেন (পরিচিতি নম্বর : ০০১-০০১-২৬৭), প্রাক্তন উপ-অর্থ উপদেষ্টা ও প্রধান হিসাব অধিকর্তা হিসেবে ডিএফএ, এফএএন্ডসিএও (পূর্ব) এর কার্যালয়, বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম থাকাকালীন তাঁর অনুকূলে ২৭-০৬-২০১০ হতে ২৬-০৭-২০১০ তারিখ পর্যন্ত মোট ০১ মাসের গড় বেতনে ছুটি মঞ্জুর করা হয় এবং পরবর্তীতে তিনি ০৩ বার ছুটি বৃদ্ধির আবেদন করেন। কিন্তু তাঁর অনুকূলে ছুটি না মঞ্জুর করে ০৭ কর্ম দিবসের মধ্যে কর্মস্থলে যোগদানের নির্দেশনা প্রদান করা হলেও তিন কর্মস্থলে যোগদান না করায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ (বি) ও ৩ (সি) অনুযায়ী যথাক্রমে 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগে বিভাগীয় মামলা রুজুপূর্বক "অভিযোগনামা" ও "অভিযোগ বিবরণী" জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা অভিযোগনামার জবাব দাখিল না করায় তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে অর্থ বিভাগের রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান-২ অধিশাখার তৎকালীন উপসচিব জনাব মোঃ সাইফুল্লাহ পান্না (বর্তমানে অতিরিক্ত সচিব, ভূমি আপীল বোর্ড) কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়;

যেহেতু, তদন্ত প্রতিবেদন, প্রাসঙ্গিক কাগজপত্রাদি ও প্রমাণিত অপরাধের গুরুত্ব ইত্যাদি সার্বিক বিষয় বিবেচনা করে অভিযুক্ত কর্মকর্তা জনাব এ বি এম ফরহাদ হোসেন-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ (খ) ও ৩ (গ) অনুযায়ী যথাক্রমে 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৭ (৯) বিধি অনুযায়ী ২য় কারণ দর্শানো নোটিশ তাঁর বর্তমান ও স্থায়ী ঠিকানায় জারি করা হয় এবং বিধি মোতাবেক নোটিশ প্রাপ্তির ০৭ (সাত) কর্ম দিবসের মধ্যে অভিযুক্ত কর্মকর্তা তাঁর বিরুদ্ধে প্রমাণিত অপরাধের বিপরীতে জবাব দাখিল করেননি;

যেহেতু, ২য় কারণ দর্শানোর নোটিশের জবাব দাখিল না করায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর বিধি ৪ (৩) (ঘ) অনুযায়ী জনাব এ বি এম ফরহাদ হোসেন-কে "চাকুরী হইতে বরখাস্তকরণ" সূচক গুরুদণ্ড আরোপের সিদ্ধান্ত গৃহীত হয় এবং সে মোতাবেক একই বিধিমালার বিধি ৭ (১০) ও বাংলাদেশ সরকারী কর্ম কমিশন (পরামর্শ) প্রবিধানমালা, ১৯৭৯-এর ৬নং অনুচ্ছেদ অনুযায়ী বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের পরামর্শ চাওয়া হলে কমিশন এ বিষয়ে একমত পোষণ করে;

যেহেতু, বিভাগীয় মামলা সকল বিধি-বিধান ও প্রক্রিয়া যথাযথভাবে সম্পন্ন হয়েছে এবং মামলার সংশ্লিষ্ট রেকর্ডপত্র পর্যালোচনান্তে জনাব এ বি এম ফরহাদ হোসেন-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর বিধি ৩ (খ) ৩ (গ) অনুযায়ী যথাক্রমে 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় একই বিধিমালার বিধি ৪ (৩) (ঘ) মোতাবেক তাঁকে "চাকুরী হইতে বরখাস্তকরণ" সূচক "গুরুদণ্ড" প্রদানের প্রস্তাবে মহামান্য রাষ্ট্রপতির সদয় সম্মতি প্রদান করেন;

সেহেতু, বিসিএস (নিরীক্ষা ও হিসাব) ক্যাডারের ১৮তম ব্যাচের কর্মকর্তা জনাব এ বি এম ফরহাদ হোসেন-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর বিধি ৪ (৩) (ঘ) অনুযায়ী সরকারি "চাকুরী হইতে বরখাস্তকরণ (Dismissal from Service) " সূচক "গুরুদণ্ড" প্রদান করা হ'ল।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফাতিমা ইয়াসমিন**
সিনিয়র সচিব।

---

**প্রতিরক্ষা মন্ত্রণালয়**
**ডি-৭ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৯ জ্যৈষ্ঠ ১৪৩০/১২ জুন ২০২৩

নং ২৩.০০.০০০০.০৭০.১৯.০৮৬.১৯.১০৬—বাংলাদেশ বিমান বাহিনীর নিম্নবর্ণিত কর্মকর্তাকে বিমান বাহিনীর নির্দেশিকা ১/৯৩-এর ১ (খ) অনুযায়ী ৫ নং কলামে বর্ণিত তারিখ থেকে শাখা পরিবর্তন করা হলো:

| ক্র. নং | কর্মকর্তার পদবি, নাম, নম্বর ও বিদ্যমান শাখা | বিদ্যমান শাখায় কমিশনের তারিখ | সুপারিশকৃত শাখা | শাখা পরিবর্তনের তারিখ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| (১) | স্কোয়াড্রন লীডার ফাহিমা নুসরাত ঋভূ (বিডি/৯৯০৯), জিডি (পি) | ০১ ডিসেম্বর ২০১৫ | লজিস্টিক শাখা | ১৭ এপ্রিল ২০২৩ |

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ হেলালুজ্জামান সরকার**
উপসচিব।

---

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
**উন্নয়ন-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৩ জ্যৈষ্ঠ ১৪৩০/০৬ জুন ২০২৩

নং ৪৬.০০.০০০০.০৬৭.২৭.০২০.২০২২-৫০২—যেহেতু, জনাব দিপুল কুমার বিশ্বাস, সিনিয়র সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্ব), নির্বাহী প্রকৌশলীর দপ্তর, এলজিইডি, পটুয়াখালী; সাবেক কর্মস্থল-উপজেলা প্রকৌশলী (চলতি দায়িত্ব), পটুয়াখালী সদর উপজেলা, পটুয়াখালী কর্মকালীন সময়ে পটুয়াখালী সদর উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন নির্মাণ কাজে (টেন্ডার আইডি-৫৫৯৬০১) বিধি বহির্ভূতভাবে ৯.১৪% উর্ধ্বদরে সর্বোচ্চ দরদাতা সৈয়দ মোঃ সোহেলকে ১,৬০,৪৯,১০০.৭৩৫ টাকায় কার্যাদেশ প্রদান করেন। এ অনিয়ম করতে গিয়ে তিনি সকল নির্ণায়ক গ্রহণযোগ্য থাকা সত্ত্বেও সর্বোচ্চ দরদাতা সৈয়দ মোঃ সোহেল ছাড়া বাকী ৭ জনকেই দরপত্র

মূল্যায়ন প্রতিবেদন ছকে টেকনিক্যালি নন-রেসপন্সিভ প্রদর্শন করেন। টেন্ডার মূল্যায়ন কমিটির ২৮-১২-২০২১ তারিখের প্রতিবেদনে প্রাথমিকভাবে ৩টি দরপত্রকে 'এলিজিবল' বলা হলেও অবৈধভাবে সৈয়দ মোঃ সোহেল-কে কার্যাদেশ প্রদানের অসদুদ্দেশ্যে সময়ক্ষেপণ করে ২ দফা দরপত্রের সময়সীমা বাড়ান এবং ই-জিপি প্রক্রিয়ায় জড়িত সকলের তথা টেন্ডার অনুমোদনকারী হিসেবে চেয়ারম্যান, উপজেলা পরিষদ টেন্ডার মূল্যায়ন কমিটির আহবায়ক উপজেলা নির্বাহী অফিসার ও সদস্য সচিব উপ-সহকারী প্রকৌশলীর Password নিজের নিয়ন্ত্রণে নিয়ে নেন এবং নিজেই ব্যবহার করেন। সর্বনিম্ন দরদাতার পরিবর্তে অবৈধভাবে সর্বোচ্চ দরদাতাকে কার্যাদেশ প্রদানের মাধ্যমে সরকারের (১,৬০,৪৯,১০০.৭৩৫-১,৩১,৯১,০৪১.৭০০) = ২৮,৫৮,০৫৯.০৩৬ টাকা অপচয় করেছেন;

যেহেতু, একই ভাবে তিনি পটুয়াখালী সদর উপজেলা পরিষদের চেয়ারম্যানের বাসভবন নির্মাণ কাজে (টেন্ডার আইডি-৫৫৯৫৮৯) বিধি বহির্ভূতভাবে ৯.৫% উর্ধ্বদরে সর্বোচ্চ দরদাতা মেসার্স আবুল কালাম আজাদ-কে ১,৭৬,৬১,৭৭৫.৫০০ টাকায় কার্যাদেশ প্রদান করেন। এ অনিয়ম করতে গিয়ে সকল নির্ণায়ক গ্রহণযোগ্য থাকা সত্ত্বেও সর্বোচ্চ দরদাতা মেসার্স আবুল কালাম আজাদ ছাড়া বাকী ৬ জনকেই দরপত্র মূল্যায়ন প্রতিবেদন ছকে টেকনিক্যালি নন-রেসপন্সিভ প্রদর্শন করেন। টেন্ডার মূল্যায়ন কমিটির ২৮-১২-২০২১ তারিখের প্রতিবেদনে প্রাথমিকভাবে ৩টি দরপত্রকে 'এলিজিবল' বলা হলেও অবৈধভাবে মেসার্স আবুল কালাম আজাদ-কে কার্যাদেশ প্রদানের অসদুদ্দেশ্যে সময়ক্ষেপণ করে ২ দফা দরপত্রের সময়সীমা বাড়ান এবং ই-জিপি প্রক্রিয়ায় জড়িত সকলের তথা টেন্ডার অনুমোদনকারী হিসেবে চেয়ারম্যান, উপজেলা পরিষদ টেন্ডার মূল্যায়ন কমিটির আহবায়ক উপজেলা নির্বাহী অফিসার ও সদস্য-সচিব উপ-সহকারী প্রকৌশলীর Password নিজের নিয়ন্ত্রনে নিয়ে নেন এবং নিজেই ব্যবহার করেন। সর্বনিম্ন দরদাতার পরিবর্তে অবৈধভাবে সর্বোচ্চ দরদাতাকে কার্যাদেশ প্রদানের মাধ্যমে তিনি সরকারের (১,৭৬,৬১,৭৭৫.৫০০-১,৪৫,১৬,৫২৭.৫০০)= ৩১, ৪৫,২৪৮/- টাকা অপচয় করেছেন;

যেহেতু, উপর্যুক্ত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) ও ৩ (ঘ) বিধি অনুযায়ী অসদাচরণ ও দুর্নীতি পরায়ণতার পর্যায়ভুক্ত অপরাধ বিধায় জনাব দিপুল কুমার বিশ্বাস, সিনিয়র সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্ব), নির্বাহী প্রকৌশলীর দপ্তর, এলজিইডি, পটুয়াখালী এর বিরুদ্ধে ২০/২০২২ নম্বর বিভাগীয় মামলা রুজু করা হয়;

যেহেতু, গত ০১-০১-২০২৩ তারিখ জনাব দিপুল কুমার বিশ্বাস এর ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয় এবং ন্যায়বিচারের স্বার্থে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭ (২) (ঘ) অনুযায়ী আনীত অভিযোগ তদন্তের জন্য বিধিমালার ৭ (২) (ঘ) অনুসারে জনাব মোঃ মুস্তাফিজুর রহমান, উপসচিব, স্থানীয় সরকার বিভাগ'কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্ত কর্মকর্তা জনাব মোঃ মুস্তাফিজুর রহমান, উপসচিব, স্থানীয় সরকার বিভাগ তদন্ত প্রতিবেদনে উল্লেখ করেন, জনাব দিপুল কুমার বিশ্বাস অবৈধভাবে আর্থিক লাভবান হওয়ার অসদুদ্দেশ্যে কার্যাদেশ প্রাপ্ত ঠিকাদারের সাথে পরস্পর যোগসাজসে অনিয়ম করেছেন এবং বর্ণিত অনিয়মের ফলে পটুয়াখালী সদর উপজেলা প্রকৌশলী (চ.দা.) জনাব আজিজুর রহমানকে লাঞ্ছিত করার ঘটনা সংঘটিত হয়েছে। তার উপর্যুক্ত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) ও ৩ (ঘ) বিধি অনুযায়ী অসদাচরণ ও দুর্নীতি পরায়ণতার অপরাধ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেছেন।

সেহেতু, অভিযুক্ত কর্মকর্তা জনাব দিপুল কুমার বিশ্বাস, সিনিয়র সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্ব), নির্বাহী প্রকৌশলীর দপ্তর, এলজিইডি, পটুয়াখালী; সাবেক কর্মস্থল-উপজেলা প্রকৌশলী (চলতি দায়িত্ব), পটুয়াখালী সদর উপজেলা, পটুয়াখালী এর বিরুদ্ধে আনীত অভিযোগনামা, অভিযোগ বিবরণী, অভিযোগনামার প্রেক্ষিতে দাখিলকৃত জবাব, ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য এবং তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) ও ৩ (ঘ) বিধিতে বর্ণিত যথাক্রমে অসদাচরণ ও দুর্নীতি পরায়ণতার অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় অভিযোগের গুরুত্ব বিবেচনায় একই বিধিমালার ৪ (২) (ঘ) বিধি অনুযায়ী তাকে আগামী ২ (দুই) বছরের জন্য বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণ অর্থাৎ ২২০০০—৫৩০৬০/- টাকা বেতন স্কেলে নিম্নধাপ ২২০০০/- টাকা মূল বেতনে অবনমিতকরণ লঘুদণ্ড প্রদান করা হলো। তবে দণ্ডের মেয়াদ শেষ হওয়ার পর তিনি স্বয়ংক্রিয়ভাবে ২২০০০—৫৩০৬০/- টাকার স্কেলে বর্তমানে প্রাপ্ত বেতন ধাপে প্রত্যাবর্তন করবেন। তিনি কোনো প্রকার বকেয়া প্রাপ্য হবেন না।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুহম্মদ ইবরাহিম**
সচিব।

---

**প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়**
**শৃঙ্খলা, বিধি ও মতামত শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ১৭ জ্যৈষ্ঠ, ১৪৩০ বঙ্গাব্দ/৩১ মে, ২০২৩ খ্রিষ্টাব্দ

নং ৪৯.০০.০০০০.০৫০.২৭.০০৯.২২-৪৯—যেহেতু, জনাব মোঃ মনোয়ার হোসেন, প্রাক্তন ইন্সট্রাক্টর (কম্পিউটার), কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, দিনাজপুর (বর্তমানে ইন্সট্রাক্টর (কম্পিউটার), চাঁপাইনবাবগঞ্জ কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র) এর বিরুদ্ধে দিনাজপুর কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে STEP প্রকল্পের আওতায় ২০১৮-২০১৯ অর্থ বছরে মেশিনারীজ ও অন্যান্য সরঞ্জাম ক্রয়ে মালামাল রিসিভিং কমিটির সদস্য হিসেবে তাঁর উপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালন করেননি মর্মে দুর্নীতি দমন কমিশন কর্তৃক তদন্তে প্রমাণিত হয়;

০২। যেহেতু, দিনাজপুর কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে STEP প্রকল্পের মেশিনারীজ ও অন্যান্য সরঞ্জাম ক্রয়ে রিসিভিং কমিটির সদস্য হিসেবে কার্যাদেশে বর্ণিত স্পেসিফিকেশন অনুযায়ী তিনি মালামাল গ্রহণ করেননি, যা তাঁর দায়িত্ব পালনে চরম অবহেলা প্রদর্শনের সামিল এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) বিধি মোতাবেক অসদাচরণ ও শাস্তিযোগ্য অপরাধ;

০৩। যেহেতু, অভিযোগসমূহের সত্যতা পাওয়া যাওয়ায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) বিধি মোতাবেক বিভাগীয় মামলা নং ০৩/২০২২ সূচনা করে ১২ ডিসেম্বর ২০২২ তারিখের ৪৯.০০.০০০০.০৫০.২৭.০১৬. ২০২২-৫৮ নং স্মারকমূলে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয় এবং একইসাথে তিনি ব্যক্তিগত শুনানি চান কি-না তা জানতে চাওয়া হয়;

০৪। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর আলোকে লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির জন্য আবেদন করেন এবং ২৭-০২-২০২৩ তারিখ তাঁর ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

০৫। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানিকালে প্রদত্ত বক্তব্য পর্যালোচনা করে এবং আনীত অভিযোগসমূহ বিবেচনা করে তাঁকে তিরস্কার দণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

০৬। সেহেতু, জনাব মোঃ মনোয়ার হোসেন, প্রাক্তন ইন্সট্রাক্টর (কম্পিউটার), কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, দিনাজপুর (বর্তমানে ইন্সট্রাক্টর (কম্পিউটার), চাঁপাইনবাবগঞ্জ কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র) কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪ এর ২ (ক) বিধি অনুযায়ী "তিরস্কার" লঘুদণ্ড প্রদান করে বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলো।

০৭। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ৪৯.০০.০০০০.০৫০.২৭.০০৯.২২-৪৮**—যেহেতু, জনাব মোঃ খায়রুল কবির, প্রাক্তন ইন্সট্রাক্টর (ইলেকট্রনিক্স), কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, দিনাজপুর (বর্তমানে ইন্সট্রাক্টর (ইলেকট্রনিক্স), লালমনিরহাট কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র) এর বিরুদ্ধে দিনাজপুর কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে STEP প্রকল্পের আওতায় ২০১৮-১৯ অর্থ বছরে মেশিনারীজ ও অন্যান্য সরঞ্জাম ক্রয়ে মালামাল রিসিভিং কমিটির সদস্য হিসেবে তাঁর উপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালন করেননি মর্মে দুর্নীতি দমন কমিশন কর্তৃক তদন্তে প্রমাণিত হয়;

০২। যেহেতু, দিনাজপুর কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে STEP প্রকল্পের মেশিনারীজ ও অন্যান্য সরঞ্জাম ক্রয়ে রিসিভিং কমিটির সদস্য হিসেবে কার্যাদেশে বর্ণিত স্পেসিফিকেশন অনুযায়ী তিনি মালামাল গ্রহণ করেননি, যা তাঁর দায়িত্ব পালনে চরম অবহেলা প্রদর্শনের সামিল এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) বিধি মোতাবেক অসদাচরণ ও শাস্তিযোগ্য অপরাধ;

০৩। যেহেতু, অভিযোগসমূহের সত্যতা পাওয়া যাওয়ায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) বিধি মোতাবেক বিভাগীয় মামলা নং ০২/২০২২ সূচনা করে ১২ ডিসেম্বর ২০২২ তারিখের ৪৯.০০.০০০০.০৫০.২৭. ০১৬. ২০২২-৫৮ নং স্মারকমূলে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয় এবং একইসাথে তিনি ব্যক্তিগত শুনানি চান কি-না তা জানতে চাওয়া হয়;

০৪। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর আলোকে লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির জন্য আবেদন করেন এবং ২৭-০২-২০২৩ তারিখ তাঁর ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

০৫। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানিকালে প্রদত্ত বক্তব্য পর্যালোচনা করে এবং আনীত অভিযোগসমূহ বিবেচনা করে তাঁকে তিরস্কার দণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

০৬। সেহেতু, জনাব মোঃ খায়রুল কবির, প্রাক্তন ইন্সট্রাক্টর (ইলেকট্রনিক্স), কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, দিনাজপুর (বর্তমানে ইন্সট্রাক্টর (ইলেকট্রনিক্স), লালমনিরহাট কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র) কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪ এর ২ (ক) বিধি অনুযায়ী "তিরস্কার" লঘুদণ্ড প্রদান করে বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলো।

০৭। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. আহমেদ মুনিরুছ সালেহীন**
সিনিয়র সচিব।

---

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**সুরক্ষা সেবা বিভাগ**
**শৃঙ্খলা-০১ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ৩০ জ্যৈষ্ঠ, ১৪৩০ বঙ্গাব্দ/১৩ জুন, ২০২৩ খ্রিষ্টাব্দ

**নং ৫৮.০০.০০০০.০৭৬.২৭.০১২.২২-৯৯**—যেহেতু, জনাব মোঃ শফিউল আলম, জেল সুপার, নরসিংদী জেলা কারাগার ১৮-০৭-২০২০ তারিখ হতে নরসিংদী জেলা কারাগারে অদ্যাবধি কর্মরত আছেন এবং তার বিরুদ্ধে সময়ে অসদাচরণের অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) বিধি অনুযায়ী বিভাগীয় মামলা নং ০৭/২০২২ রুজু করে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়। অভিযুক্ত ২৭-১২-২০২২ তারিখে উক্ত অভিযোগনামার জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানির জন্য প্রার্থনা করেন;

যেহেতু, জনাব মোঃ শফিউল আলম, জেল সুপার, নরসিংদী জেলা কারাগার কর্তৃক প্রদত্ত অভিযোগনামার জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৭ (২) (ঘ) বিধিমতে গত ১৩-০৩-২০২৩ তারিখ তদন্তের জন্য জনাব মোঃ কামরুজজামান, সিনিয়র সহকারী সচিব, সুরক্ষা সেবা বিভাগ কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা গত ২৭-০৪-২০২৩ তদন্ত প্রতিবেদন দাখিল করেন;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে জনাব মোঃ শফিউল আলম, জেল সুপার এর বিরুদ্ধে আনীত অসদাচরণ এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি মর্মে উল্লেখ করেন;

সেহেতু, জনাব মোঃ শফিউল আলম, জেল সুপার, নরসিংদী জেলা কারাগার এর বিরুদ্ধে দায়েরকৃত বিভাগীয় মামলা নং-০৭/২০২২ এর দায় হতে অব্যাহতি প্রদান করা হল।

**নং ৫৮.০০.০০০০.০৭৬.২৭.০১১.২২-৯৮**—যেহেতু, জনাব মোঃ আসাদুর রহমান, জেলার, কুমিল্লা কেন্দ্রীয় কারাগারে ০৯ ফেব্রুয়ারি ২০২১ তারিখ থেকে অদ্যাবধি কুমিল্লা কেন্দ্রীয় কারাগার, কুমিল্লাতে কর্মরত আছেন এবং তার বিরুদ্ধে অসদাচরণের অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) বিধি অনুযায়ী বিভাগীয় মামলা নং ০৮/২০২২ রুজু করে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়। অভিযুক্ত গত ১০-১২-২০২২ তারিখে উক্ত অভিযোগনামার জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানির জন্য প্রার্থনা করেন;

যেহেতু, জনাব মোঃ আসাদুর রহমান, জেলার, কুমিল্লা কেন্দ্রীয় কারাগার কর্তৃক প্রদত্ত অভিযোগনামার জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭ (২) (ঘ) বিধিমতে গত ০৯-০৩-২০২৩ তারিখ তদন্তের জন্য জনাব আলীমুন রাজীব, উপসচিব, সুরক্ষা সেবা বিভাগকে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা গত ২৭-০৪-২০২৩ তদন্ত প্রতিবেদন দাখিল করেন।

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে জনাব মোঃ আসাদুর রহমান, জেলার এর বিরুদ্ধে আনীত অসদাচরণ এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি মর্মে উল্লেখ করেন;

সেহেতু, জনাব মোঃ আসাদুর রহমান, জেলার, কুমিল্লা কেন্দ্রীয় কারাগার এর বিরুদ্ধে দায়েরকৃত বিভাগীয় মামলা নং-০৮/২০২২ এর দায় হতে অব্যাহতি প্রদান করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবদুল্লাহ আল মাসুদ চৌধুরী**
সচিব।

---

**মাদক-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৩ জ্যৈষ্ঠ ১৪৩০ /০৬ জুন ২০২৩

**নং ৫৮.০০.০০০০.০৬১.১২.০০১.২৩.১০২**—উন্নয়ন প্রকল্প হতে রাজস্ব বাজেটে স্থানান্তরিত পদের পদধারীদের নিয়মিতকরণ ও জ্যেষ্ঠতা নির্ধারণ বিধিমালা, ২০০৫ এর বিধি ৫(২) (খ) এর আলোকে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক প্রস্তুতকৃত ০২ (দুই) জন সহকারী রাসায়নিক পরীক্ষক এর নিম্নরূপ জ্যেষ্ঠতা আদিষ্ট হয়ে এতদ্বারা অনুমোদন করা হলো :

| জ্যেষ্ঠতার ক্রমিক নম্বর | কর্মকর্তার নাম ও পরিচিতি নম্বর | জন্ম তারিখ | চাকুরিতে প্রথম যোগদানের তারিখ |
|---|---|---|---|
| ১। | জনাব মোঃ শফিকুল ইসলাম সরকার (৭২০০১) | ০৭-১০-১৯৭১ | ২৮-০৬-২০০০ ( কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার স্থাপন শীর্ষক প্রকল্প) |
| ২। | জনাব মোঃ আবু হাসান (৭২০০২) | ২৪-১০-১৯৭৪ | ২৮-০৬-২০০০ ( কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার স্থাপন শীর্ষক প্রকল্প) |

০২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো এবং ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুহাম্মদ আবদুর রউফ মিয়া**
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)।

---

**মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়**
**প্রাণিসম্পদ-৩ অধিশাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ২১ জ্যৈষ্ঠ ১৪৩০/০৪ জুন ২০২৩

**নং ৩৩.০০.০০০০.১১৯.২৭.০০২.২৩-১৬১**—যেহেতু, বিসিএস ৩৭তম ব্যাচের (পশুসম্পদ) ক্যাডারের কর্মকর্তা ডাঃ মোঃ রোকনুজ্জামান, ভেটেরিনারি সার্জন, উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও (প্রাক্তন ভেটেরিনারি সার্জন, উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, ফুলছড়ি, গাইবান্ধা) জাতীয় সংসদের ৩৩ গাইবান্ধা-৫ শূন্য আসনের গত ১২ অক্টোবর, ২০২২ খ্রিঃ তারিখের নির্বাচনে অনিয়মের অভিযোগে সরকারি কর্মচারী ( শৃংখলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ (খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগে গত ০৮-০২-২০২৩ তারিখের ৩৩.০০.০০০০.১১৯.২৭.০০২.২৩-৪৩ সংখ্যক পত্রে বিভাগীয় মামলা নং-০১/২০২৩ রুজু করে কারণ দর্শানো হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা রুজুকৃত বিভাগীয় মামলায় আনীত অভিযোগের বিষয়ে লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির জন্য আবেদন করায় গত ০২-০৪-২০২৩ খ্রিঃ তারিখে তার ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়; শুনানিকালে তিনি লিখিত বক্তব্যও প্রদান করেন;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা প্রিজাইডিং কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালনের পূর্ব অভিজ্ঞতা ছিলনা এবং তিনি অনিচ্ছাকৃত ত্রুটি-বিচ্যুতি/অনিয়মের জন্য ক্ষমা প্রার্থনা করেছেন। তিনি চাকরিতে অপেক্ষাকৃত কনিষ্ঠ পর্যায়ের কর্মকর্তা বিবেচনায় কিছুটা নমনীয়তা

প্রদর্শনপূর্বক তাঁকে “অসদাচরণ” এর আনীত অভিযোগ হতে ভবিষ্যতের জন্য সতর্ক করে অব্যাহতি প্রদান করা সমীচীন মর্মে প্রতীয়মান হয়;

সেহেতু, বিসিএস ৩৭তম ব্যাচের (পশুসম্পদ) ক্যাডারের কর্মকর্তা ডাঃ মোঃ রোকনুজ্জামান, ভেটেরিনারি সার্জন, উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও (প্রাক্তন ভেটেরিনারি সার্জন, উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, ফুলছড়ি, গাইবান্ধা)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ (খ) অনুযায়ী আনীত 'অসদাচরণ' এর অভিযোগের বিষয়ে তাঁকে ভবিষ্যতের জন্য সতর্ক করে আনীত অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

০২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং ৩৩.০০.০০০০.১১৯.২৭.০০১.২৩-১৬২—যেহেতু, বিসিএস (পশুসম্পদ) ক্যাডারের কর্মকর্তা ডাঃ জহিরুল ইসলাম (গ্রেডেশন নং-১৮৩৫), উপজেলা প্রানিসম্পদ কর্মকর্তা, উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, ফুলছড়ি, গাইবান্ধা জাতীয় সংসদের ৩৩ গাইবান্ধা-৫ শূন্য আসনের গত ১২ অক্টোবর, ২০২২ খ্রিঃ তারিখের নির্বাচনে অনিয়মের অভিযোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ (খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগে গত ০৮-০২-২০২৩ তারিখের ৩৩.০০.০০০০.১১৯.২৭.০০১.২৩-৪৪ সংখ্যক পত্রে বিভাগীয় মামলা নং-০২/২০২৩ রুজু করে কারণ দর্শানো হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা রুজুকৃত বিভাগীয় মামলায় আনীত অভিযোগের বিষয়ে লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির জন্য আবেদন করায় গত ০২-০৪-২০২৩ খ্রিঃ তারিখে তার ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়; শুনানিকালে তিনি লিখিত বক্তব্যও প্রদান করেন;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার জবাবে অভিযোগের দায় হতে অব্যাহতি প্রার্থনা করেছেন এবং তার জবাব সন্তোষজনক হওয়ায় তাঁকে “অসদাচরণ” এর আনীত অভিযোগ হতে ভবিষ্যতের জন্য সতর্ক করে অব্যাহতি প্রদান করা সমীচীন মর্মে প্রতীয়মান হয়;

সেহেতু, বিসিএস (পশুসম্পদ) ক্যাডারের কর্মকর্তা ডাঃ জহিরুল ইসলাম (গ্রেডেশন নং-১৮৩৫), উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, ফুলছড়ি, গাইবান্ধা-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী আনীত 'অসদাচরণ' এর অভিযোগের বিষয়ে তাঁকে ভবিষ্যতের জন্য সতর্ক করে আনীত অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

০২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. নাহিদ রশীদ**
সচিব।

**বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়**
**সিএ-২ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৮ জ্যৈষ্ঠ ১৪৩০ ব./১১ জুন ২০২৩ খ্রি.

**নং ৩০.০০.০০০০.০১৪.১৯.০০১.২০২০-১৯৮**—গত ১৬ এপ্রিল ২০২৩ তারিখে ৩০.০০.০০০০.০১৪.১৯.০০১.২০২০-১৩৫ নং স্মারকে জারীকৃত প্রজ্ঞাপন আংশিকভাবে সংশোধনক্রমে বাংলাদেশে কার্যরত দেশি/বিদেশি সকল এয়ারলাইন্স কর্তৃক বাংলাদেশ হতে যাত্রী ও পণ্য পরিবহনের ভাড়া নির্ধারণের ক্ষেত্রে Head Line Currency হিসেবে দেশীয় মুদ্রা অর্থাৎ বাংলাদেশি টাকা কার্যকরকরণের তারিখ ১ জানুয়ারি ২০২৪ নির্ধারণ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**রোকসিন্দা ফারহানা**
উপসচিব।

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
**উন্নয়ন-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৫ জ্যৈষ্ঠ ১৪৩০/২৯ মে ২০২৩

**নং ৪৬.০০.০০০০.০৬৭.২৭.০১৪.১৮-৪৭৬**—যেহেতু, জনাব মোঃ ইমাম হোসেন, উপজেলা সহকারী প্রকৌশলী (কর্মস্থলে অনুপস্থিত), উপজেলা প্রকৌশলীর দপ্তর, উপজেলা-হাইমচর, জেলা-চাঁদপুর বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে গত ০৫-০৮-২০১৮ তারিখ হইতে দুই মাস মেয়াদী স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের কর্মকর্তাদের ১ম বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সে (এসএফটিসি) অংশ গ্রহণ করেন। তিনি পারিবারিক বিশেষ প্রয়োজনে নারায়ণগঞ্জ যাওয়ার জন্য আবেদন করে গত ০৯-০৮-২০১৮ তারিখ দুপুরে নারায়ণগঞ্জের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করেন এবং গত ১১-০৮-২০১৮ তারিখ শনিবার সন্ধ্যা ০৭.০০ টার মধ্যে কেন্দ্রে রিপোর্ট করার কথা থাকলেও তিনি কেন্দ্রে আসেননি, এ বিষয়ে কোর্স ব্যবস্থাপনা টিমের সাথে কোনো যোগাযোগ করেননি এবং তার অবস্থান সম্পর্কে কর্তৃপক্ষকে অবহিত করেননি। তার সাথে মোবাইলে যোগাযোগের চেষ্টা করে মোবাইল ফোন বন্ধ পাওয়া যায়;

যেহেত, এলজিইডির কেন্দ্রীয় প্রশিক্ষণ ইউনিট হতে জনাব মোঃ ইমাম হোসেন এর বর্তমান ও স্থায়ী ঠিকানায় এলজিইডির সংশ্লিষ্ট জেলা অফিসের সহায়তায় লোক মারফত খোঁজ নিয়ে জানা যায় তিনি বর্তমানে বাংলাদেশে অবস্থান করছেন না;

যেহেতু, উপর্যুক্ত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি অনুযায়ী অসদাচরণ ও পলায়নের অভিযোগে ০১৪/২০১৮ নম্বর বিভাগীয় মামলা রুজু করে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারি করা হয়;

যেহেতু, তিনি বিভাগীয় মামলার অভিযোগনামার জবাব না দেয়ায় এ বিভাগের ০১-০২-২০২২ তারিখের ৪৬.০০.০০০০.০৬৭.২৭.০১৪.১৮-৭৫ নম্বর স্মারকে বর্ণিত অভিযোগসমূহ তদন্তের জন্য এ বিভাগের পরিচালক-১ (যুগ্মসচিব) জনাব মোঃ কামাল হোসেনকে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তার দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও অভিযোগনামা ও অভিযোগ বিবরণী পর্যালোচনায় কর্মকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি অনুযায়ী অসদাচরণ ও পলায়ন এর অভিযোগের সত্যতা প্রমাণিত হয়েছে;

যেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী অসদাচরণ এবং ৩ (গ) বিধি অনুযায়ী পলায়নের (Desertion) দায়ে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার ৭(৮) ও ৭(৯) বিধি অনুযায়ী কেন তাকে চাকুরী হতে বরখাস্তকরণ অথবা অন্য কোনো শাস্তি আরোপ করা হবে না সে সম্পর্কে পত্র প্রাপ্তির ৭ (সাত) কার্যদিবসের মধ্যে জবাব দাখিলের জন্য "দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ" এর হুবহু কপি দৈনিক ইত্তেফাক পত্রিকায় এবং দৈনিক যুগান্তর পত্রিকায় প্রকাশ করা হয়;

যেহেতু, জনাব মোঃ ইমাম হোসেন এর বিরুদ্ধে গুরুদণ্ড আরোপের ক্ষেত্রে Bangladesh Public Service Commission (Consultation) Regulations, 1979 এর ৬নং রেগুলেশন এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭ (১০) অনুসারে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের পরামর্শ চাওয়া হয়। বাংলাদেশ সরকারী কর্ম কমিশন ১৮-০৪-২০২৩ তারিখের ৮০.০০.০০০০.১০১.৩৪.০০২.২৩/১৬৪ নম্বর পত্রে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি অনুযায়ী 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগে রুজুকৃত বিভাগীয় মামলায় একই বিধিমালার ৪ (৩) (ঘ) অনুযায়ী চাকুরী হতে বরখাস্তকরণ নামীয় গুরুদণ্ড প্রদানে কর্তৃপক্ষের সিদ্ধান্তের সাথে কমিশন একমত পোষণ করেছেন;

সেহেতু, জনাব মোঃ ইমাম হোসেন, উপজেলা সহকারী প্রকৌশলী (কর্মস্থলে অনুপস্থিত), উপজেলা প্রকৌশলীর দপ্তর, উপজেলা-হাইমচর, জেলা-চাঁদপুর এর বিরুদ্ধে রুজুকৃত ০১৪/২০১৮ নম্বর বিভাগীয় মামলায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি অনুযায়ী 'অসদাচরণ' ও 'পলায়ন' (Desertion) এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাকে পলায়ন (Desertion) এর তারিখ অর্থাৎ ১১-০৮-২০১৮ তারিখ থেকে একই বিধিমালার ৪(৩) (ঘ) বিধি অনুযায়ী চাকুরী হতে বরখাস্তকরণ (Dismissal from Service) গুরুদণ্ড প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুহম্মদ ইবরাহিম**
সচিব।

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**

**আইন ও বিচার বিভাগ**

**বিচার শাখা-৭**

**আদেশ**

তারিখ : ১৯ শ্রাবণ ১৪৩০/০৩ আগস্ট ২০২৩

**নং ১০.০০.০০০০.১৩১.১১.০০৩.৮৯(১)-২৭৬**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব মোঃ শফিকুল ইসলাম, জন্ম তারিখ: ১৫-১২-১৯৭৮ খ্রি., পিতা-জনাব মোঃ আঃ জব্বার, মাতা-রহিমা খাতুন, গ্রাম-ডাক বাঘাদাড়িয়া, ওয়ার্ড নং-০৮, ডাকঘর-ডাকের চক, উপজেলা-ত্রিশাল, জেলা-ময়মনসিংহ।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ময়মনসিংহ জেলার ত্রিশাল উপজেলার ০৪ নং কানিহারী ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে:

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুরাদ জাহান চৌধুরী**
সিনিয়র সহকারী সচিব।

---

**আদেশ**

তারিখ : ২৮ আষাঢ় ১৪৩০/১২ জুলাই ২০২৩

**নং ১০.০০.০০০০.১৩১.১১.০০৩.৭৬(৩)-২৫০**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব মোঃ ফজলুল হক, জন্ম তারিখ: ০৫-০১-১৯৮৮ খ্রি., পিতা- মোঃ হায়দর আলী, মাতা-ফাতেমা আক্তার,

গ্রাম-হালুয়ারাজার চহট্ট, ওয়ার্ড নং-০৭, ডাকঘর-সেন্ট্রাল ভালুকা, উপজেলা-জামালপুর সদর, জেলা-জামালপুর।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে জামালপুর জেলার জামালপুর সদর উপজেলার ১০ নং শ্রীপুর ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে:

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**মোঃ শফিউল আলম**
সিনিয়র সহকারী সচিব।

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৭**

**আদেশ**

তারিখ : ১৫ শ্রাবণ ১৪৩০/৩০ জুলাই ২০২৩

**নং বিচার-৭/২-এন-৫২/২০১২-২৭০**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (মোঃ আদিল হোসেন ভূঁইয়া আসিফ, জন্ম তারিখ : ০১-০১-১৯৯৫ খ্রিঃ, পিতা-মোঃ আকবর হোসেন ভূঁইয়া, মাতা-রহিমা বেগম, মহল্লা-কাজীপাড়া, ডাকঘর-রাজাপাড়া, উপজেলা-কুমিল্লা সদর দক্ষিণ, জেলা-কুমিল্লা।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে কুমিল্লা সিটি কর্পোরেশনের ২০ নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে:

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**মুরাদ জাহান চৌধুরী**
সিনিয়র সহকারী সচিব।